আরও চাকরির খবর ভেতরের পাতায়
কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার ...পৃঃ ৫

# কর্মক্ষেত্র

ISSN 0971-7765

ডব্লু বি সি এস প্রিলিমিনারি
পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর ...পৃঃ ৮

বর্ষ ৪৬ সংখ্যা ৪০ কলকাতা বুধবার, ২৯ এপ্রিল ২০২৬/১ বাঙালির কর্মজীবনের প্রবেশপথ ১৫ বৈশাখ ১৪৩৩ দাম ৬.০০ টাকা ১২ পাতা R. N. 37120/80

## রাজ্যে মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে কয়েকশো অফিসার

পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন সার্ভিস ও বিভাগে কয়েকশো অফিসার নিয়োগ করা হবে। 'মিসলেনিয়াস সার্ভিসেস রিক্রুটমেন্ট এক্সামিনেশন, ২০২৪'-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে পশ্চিমবঙ্গ পাবলিক সার্ভিস কমিশন। এই নিয়োগের অ্যাড-ভার্টাইজমেন্ট নম্বর: ১৩/২০২৪।

উল্লেখ্য, ২০২৪ সালের ২৩ ডিসেম্বর, এই পরীক্ষা-সংক্রান্ত একটি সংক্ষিপ্ত নোটিস প্রকাশ করেছিল পাবলিক সার্ভিস কমিশন। এখন এই পরীক্ষার বিশদ বিজ্ঞপ্তি প্রকাশিত হল।

দুই পর্যায়ের লিখিত পরীক্ষা ও পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। প্রিলিমিনারি পরীক্ষা হবে কলকাতা-সহ রাজ্যের বিভিন্ন কেন্দ্রে। দার্জিলিং জেলার তফসিলি উপজাতি প্রার্থী এবং দার্জিলিং সদর, মিরিক ও কার্শিয়াং সাব-ডিভিশনের প্রার্থীদের ক্ষেত্রে প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র দার্জিলিং পরীক্ষাকেন্দ্রেই হবে। কালিম্পং জেলার প্রার্থীদের পরীক্ষা নেওয়া হবে কালিম্পং কেন্দ্রে। তবে মেন পরীক্ষা সব প্রার্থীর ক্ষেত্রেই কলকাতায় হবে। পার্সোন্যালিটি টেস্ট হবে কমিশনের অফিসে।

### শিক্ষাগত যোগ্যতা: স্নাতক

যে-কোনও শাখার গ্র্যাজুয়েটরা আবেদনের যোগ্য। বাংলা পড়তে, লিখতে, বলতে জানতে হবে। তবে নেপালি যাঁদের মাতৃভাষা, তাঁদের বাংলা না জানলেও চলবে।

চাকরি হবে প্রধানত এই সব পদে: (১) অ্যাসিস্ট্যান্ট চাইল্ড ডেভেলপমেন্ট প্রোজেক্ট অফিসার, (২) ডিজাস্টার ম্যানেজমেন্ট অফিসার/ব্লক ডিজাস্টার ম্যানেজ-মেন্ট অফিসার, (৩) ব্লক ইউথ অফিসার/মিউনিসিপ্যাল ইউথ অফিসার/বরো ইউথ অফিসার, (৪) ব্লক ওয়েলফেয়ার অফিসার/ওয়েলফেয়ার অফিসার, (৫) ইনস্পেক্টর, ব্যাকওয়ার্ড ক্লাসেস ওয়েলফেয়ার, (৬) অ্যাসিস্ট্যান্ট এগ্রিকালচারাল মার্কেটিং অফিসার (অ্যাডমিনিস্ট্রেটিভ) (৭) অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার, (৮) কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস, (৯) ইনস্পেক্টর অব এগ্রিকালচারাল ইনকাম ট্যাক্স, (১০) কনজিউমার ওয়েলফেয়ার অফিসার, (১১) সেভিংস ডেভেলপমেন্ট অফিসার, (১২) ওয়েস্ট বেঙ্গল সাবঅর্ডিনেট লেবার সার্ভিসের বিবিধ পদ, (১৩) অডিটর অব কো-অপারেটিভ সোসাইটিজ, (১৪) অ্যাসিস্ট্যান্ট অডিটর, বোর্ড অব রেভেনিউ, (১৫) এক্সটেনশন অফিসার, মাস এডুকেশন এক্সটেনশন, (১৬) লেডি এক্সটেনশন অফিসার, মাস এডুকেশন এক্সটেনশন, (১৭) অ্যাসিস্ট্যান্ট কন্ট্রোলার অব কারেকশনাল সার্ভিসেস, (১৮) ইনভেস্টিগেটিং ইনস্পেক্টর এবং (১৯) রেভেনিউ ইনস্পেক্টর।

**বয়স:** ১-১-২০২৪ তারিখে ২০ থেকে ৩৯ বছরের মধ্যে হতে হবে। পশ্চিমবঙ্গের তফসিলিরা ৫ এবং ওবিসি প্রার্থীরা ৩ বছরের বয়সের ছাড় পাবেন। দৈহিক প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত ছাড় পাবেন।

**বেতনক্রম:** ১ থেকে ১১ ক্রম পর্যন্ত ৩২,১০০-৮২,৯০০ টাকা, ১২ থেকে ১৯ ক্রম পর্যন্ত ২৮,৯০০-৭৪,৫০০ টাকা।

নিয়মানুসারে তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী এবং আর্থিক ভাবে অনগ্রসর প্রার্থীদের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে।

জাতীয় স্কুল গেমস, ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা, জাতীয় বা আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী দক্ষ খেলোয়াড়দের জন্য শূন্যপদ সংরক্ষিত হবে। খেলোয়াড় নিয়োগ করা হবে খেলাধুলার এই সব ডিসিপ্লিন থেকে: অ্যাথলেটিক্স-ট্র্যাক ও ফিল্ড ইভেন্টস-

এরপর দুয়ের পাতায়

## কেন্দ্রীয় সরকারে ৭৩১ স্টেনোগ্রাফার

স্টেনোগ্রাফার (গ্রেড 'সি' ও 'ডি') পদে ৭৩১ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। নিয়োগ করা হবে বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রকে এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন বিভাগ ও কার্যালয়ে। স্টেনোগ্রাফার গ্রেড 'সি' অ্যান্ড 'ডি' এক্সামিনেশন, ২০২৬-এর মাধ্যমে প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র আছে।

### শিক্ষাগত যোগ্যতা: উচ্চমাধ্যমিক

**শিক্ষাগত যোগ্যতা:** যে-কোনও শাখায় উচ্চ মাধ্যমিক বা সমতুল পাশ। ইংরেজি বা হিন্দিতে দেওয়া ডিক্টেশন, গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ১০০ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লেখা এবং কম্পিউটারে টাইপিংয়ের দক্ষতা থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে গ্রেড 'সি'-র প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ৩০ এবং গ্রেড 'ডি'-র প্রার্থীদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। বয়সে তফসিলিরা ৫, ওবিসিরা ৩ এবং দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা সরকারি নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন। বিধবা, বিবাহবিচ্ছিন্না ও আইনত স্বামীবিচ্ছিন্না মহিলারা পুনরায় বিবাহ না করে থাকলে এবং ৩৫ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন।

প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা হবে জুলাই-অগস্টে। ২০০ নম্বরের পরীক্ষায় অবজেক্টিভ টাইপ মাল্টিপল চয়েস ধরনের প্রশ্ন থাকবে জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং (৫০ নম্বর), জেনারেল অ্যাওয়্যারনেস (৫০ নম্বর) ও ইংলিশ ল্যাঙ্গুয়েজ অ্যান্ড কম্প্রিহেনশন (১০০ নম্বর) বিষয়ে। সময়সীমা ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। লিখিত পরীক্ষায় সফল হলে স্কিল টেস্টের জন্য ডাক পাওয়া যাবে। স্কিল টেস্টে ১০ মিনিট ধরে ইংরেজি বা হিন্দিতে দেওয়া ডিক্টেশন গ্রেড-ডি-র ক্ষেত্রে প্রতি মিনিটে ৮০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখে কম্পিউটারে ইংরেজিতে ৫০ মিনিটে বা হিন্দিতে ৬৫ মিনিটে টাইপ করতে হবে। গ্রেড-

এরপর দুয়ের পাতায়

## হকিন্সের বিপণন বিভাগে ম্যানেজমেন্ট ট্রেনি

**নিজস্ব প্রতিনিধি:** বিপণন বিভাগে ম্যানেজমেন্ট ট্রেনি নেবে প্রেশার কুকার ও অন্যান্য রন্ধন সরঞ্জাম উৎপাদন ও বিপণনকারী সংস্থা হকিন্স। ফ্রেশ গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য। নিয়োগ হবে দেশ জুড়ে বিভিন্ন শহরে।

### ফ্রেশ গ্র্যাজুয়েটরাও আবেদনের যোগ্য

সংস্থার পণ্য বিপণনের কাজ। বিপণনের পেশায় যাঁরা নিজেদের প্রতিষ্ঠা করতে চান, তাঁরা এখনই এই চাকরির জন্য আবেদন করতে পারেন।

ডিলারদের সঙ্গে যোগাযোগ রক্ষা এবং ট্রেনি সেলসম্যান, মার্চেন্ডাইজার, রিডিস্ট্রিবিউশন বিপণন কর্মীদের কাজের তদারকি এই পদের বিশেষ দায়িত্ব। ডিজিটাল মার্কেটিং, সোশ্যাল মিডিয়া ম্যানেজমেন্টের দক্ষতা থাকলে অগ্রাধিকার।

প্রথমে দেড় বছরের ট্রেনিং। এ সময় বার্ষিক বেতন অন্তত ৫ লক্ষ টাকা।

এরপর চারের পাতায়

## কেন্দ্রীয় সরকারে অনুবাদক

জুনিয়র ও সিনিয়র ট্রান্সলেটর, ট্রান্সলেশন অফিসার ও হিন্দি ট্রান্সলেটর পদে ৮৪ জনকে নেবে কেন্দ্রীয় সরকার। গ্রুপ 'বি' পদে নিয়োগ করা হবে কেন্দ্রীয় সরকারের বিভিন্ন মন্ত্রক, দপ্তর, সচিবালয়, প্রতিষ্ঠানে। প্রার্থী বাছাই করবে স্টাফ সিলেকশন কমিশন। পরীক্ষার নাম 'কম্বাইন্ড হিন্দি ট্রান্সলেটর্স এক্সামিনেশন, ২০২৬'। পশ্চিমবঙ্গে একাধিক পরীক্ষাকেন্দ্র রয়েছে।

এরপর চারের পাতায়

## ন্যাশনাল ইনফর্মেটিক্সে সায়েন্টিস্ট

সায়েন্টিস্ট-ডি এবং সায়েন্টিস্ট-সি পদে ১৫৩ জনকে নেবে ন্যাশনাল ইনফর্মেটিক্স সেন্টার। এটি কেন্দ্রের ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনফর্মেশন টেকনোলজি মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। পশ্চিমবঙ্গে পরীক্ষাকেন্দ্র আছে। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: NIC/SC-C&D/2026/3.

**শূন্যপদের বিন্যাস:** সায়েন্টিস্ট-ডি: ১২টি (সাধারণ ৭, তফসিলি জাতি ১, ওবিসি ৩, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **সায়েন্টিস্ট-সি:** ১৪১টি (সাধারণ ৫৯, তফসিলি জাতি ২১, তফসিলি উপজাতি ১০, ওবিসি ৩৮, আর্থিক ভাবে অনগ্রসর ১৩)। এর মধ্যে ৬টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** নিম্নলিখিত বিষয়ে বি ই বা বি টেক বা এম ই বা এম টেক অথবা ডোয়েক 'বি' লেভেল কোর্স পাশ অথবা ইনস্টিটিউট অব ইঞ্জিনিয়ার্স বা ইনস্টিটিউট অব ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ার্সের অ্যাসোসিয়েট মেম্বারশিপ পরীক্ষায় পাশ অথবা এম এসসি বা এমসিএ বা এম ফিল। বিষয়গুলি হল— ফিজিক্স, অ্যাপ্লায়েড ফিজিক্স,

এরপর চারের পাতায়

## ইফকোয় ট্রেনি

কিছু ম্যানেজমেন্ট ট্রেনি (হিউম্যান রিসোর্স) ও গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি নেবে ইন্ডিয়ান ফার্মার্স ফার্টিলাইজার কো-অপারেটিভ লিমিটেড (ইফকো)।

### স্টাইপেন্ড পাওয়া যাবে

প্রথমে ১ বছরের ট্রেনিং। ট্রেনিং চলাকালীন নির্দিষ্ট হারে স্টাইপেন্ড পাওয়া যাবে।

**আবেদনের যোগ্যতা:** ম্যানেজমেন্ট ট্রেনি (হিউম্যান রিসোর্স): হিউম্যান রিসোর্স বা পার্সোনেল ম্যানেজমেন্টে ৫ বছরের ইন্টিগ্রেটেড এমবিএ বা ২ বছরের এমবিএ বা পোস্ট-গ্র্যাজুয়েট

এরপর চারের পাতায়

## সেনাবাহিনীতে ১৯০

সিভিলিয়ান সুইচ বোর্ড অপারেটর (সিএসবিও) গ্রেড-টু পদে ১৯০ জনকে নিয়োগ করবে ভারতীয় সেনাবাহিনী। এটি গ্রুপ 'সি' পদ।

ক্যাটেগরি অনুসারে শূন্যপদের বিন্যাস: সাধারণ ৯৪, তফসিলি জাতি ২২, তফসিলি উপজাতি ১২, ওবিসি ৪৩, আর্থিক ভাবে অনগ্রসর ১৯। এর মধ্যে ১২টি শূন্যপদ দৈহিক প্রতিবন্ধী এবং ২০টি শূন্যপদ প্রাক্তন সমরকর্মীদের জন্য সংরক্ষিত থাকবে।

**শিক্ষাগত যোগ্যতা:** মাধ্যমিক।

**বয়স:** ১৮ থেকে ২৫ বছরের মধ্যে হতে হবে। বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। আগ্রহীরা নজর রাখুন: www.indianarmy.nic.in

### স্বনির্ভরতার সন্ধান

## বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন উৎপাদন

**মাইক্রোগ্রিন মূলত কচি গাছ। সাধারণত কাঁচাই খাওয়া হয়। বাজারে চাহিদা থাকলেও মাইক্রোগ্রিনের উৎপাদন ও জোগান বেশ কম। বেকার তরুণ-তরুণীরা যদি এই কৃষিভিত্তিক ব্যবসার কথা ভাবেন, উপার্জন ভালোই হবে।**



**নিজস্ব প্রতিনিধি:** হেলদি ডায়েট বা স্বাস্থ্যসম্মত খাবারে মাইক্রোগ্রিন যুক্ত করার পরামর্শ দিচ্ছেন পুষ্টিবিদরা। মাইক্রোগ্রিন হল বীজ থেকে সদ্য জন্মানো ছোট ছোট গাছ। এগুলি সাধারণত এক থেকে তিন ইঞ্চি লম্বা হয়। সদ্য অঙ্কুরিত মাইক্রোগ্রিন নানা ধরনের ভিটামিনে সমৃদ্ধ। পরিণত গাছের ফল ও বীজে যে-পরিমাণ পুষ্টি থাকে, মাইক্রোগ্রিনে থাকে তার চেয়ে প্রায় চল্লিশ গুণ পর্যন্ত বেশি পুষ্টি। মাইক্রোগ্রিনে পলিফেনল থাকে, যা ক্যানসার, অ্যালজাইমার্স, হার্টের নানা অসুখের বিরুদ্ধে লড়াই করতে পারে।

গত শতকের আশির দশকে আমেরিকার বেশ কিছু রেস্তোরাঁয় মাইক্রোগ্রিনের ব্যবহার শুরু হয় খাবারে গার্নিশিংয়ের জন্য। তবে এখন শুধুমাত্র খাবার সাজানোর উপকরণ হিসেবে না, স্যালাড, সুপ,

এরপর দুয়ের পাতায়

ফুরোবার আগেই সংগ্রহ করুন




ও আরও অনেক কিছু

# কর্মক্ষেত্র

## শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন


### কর্মখালি

**Wanted residential Asstt.** Teachers (Hons./Master degree with B.Ed.) in Math, Eng. & Computer Science/ Application for Sree Ramakrishna Ashram Vidyapith (Madhyamik), P.O.- Khar, Dist.- Purba Medinipur, PIN-721429 (Near SDO office Egra) and Graduate Hostel Teachers (Male/ Female) at the same time efficient Clerk along with reliable Security Guard also. Apply to the Secretary within 15th days with all testimonials in duplicate. M-98007-77211/62955-82700/78723-91439/ 90463-63785. Sd/Secretary S.P.Das.

□

**Team Leader or Managerial** পদের জন্য নামী MNC কোম্পানিতে Retd. Govt./ Bank, Rly, LIC, Army, Teacher প্রয়োজন। Salary+ attractive bonus. Age: 35-70, walk in interview. M: 91238-56614.

□

**AC Mechanic Reqd. Reputed** Hitachi Aircon Service Center Sal : 12K-20K Add: 237/Q, Maniktala Main Rd, Bagmari, Kol-54 Ph: 98316-08864.

□

**A Fabrication unit in Kolkata** urgently requires one 2 to 3 years experienced person (Mechanical) computer conversant to supervise production and allied outdoor works. Send resume to: seeker.qfi @gmail.com

□

### কর্মখালি

**A reputed Export Company in** Kolkata seeks Export Post-Shipment executive with min 5-10 years experience. Independently must handle IGST refund, RODTEP return, Duty Drawback & e-filing of invoices. Email: exportcompany 71@gmail.com, Mob: 85830-07158.

□

**Team Leader** পদের জন্য নামী ব্যাংকের অধীনে প্রচুর লোক প্রয়োজন। ইচ্ছুক ব্যক্তিরা নিজেদের অবসর + অভিজ্ঞতাকে কাজে লাগান। 4L-6L/PA. HS+, 45-65. 98753-98530.

□

**ছাত্রী নিবাসের জন্য ৩৫ উর্দ্ধ মাধ্যমিক** নির্দায় সেবামনস্ক আবাসিক মহিলা-তত্ত্বাবধায়িকা চাই। ১৫ দিনের মধ্যে আবেদন। সাম্মানিক আলোচনা সাপেক্ষ। সম্পাদক-উষাগ্রাম ট্রাস্ট বীরনগর, নদীয়া। 86173-51175.

□

**পান্থপাড়া, রাণাঘাট, নদীয়া শ্রীশ্রী** বিজয়কৃষ্ণ গঙ্গানন্দ আশ্রমের জন্য ব্রাহ্মণ সেবক প্রয়োজন। ইচ্ছুক এই নম্বরে যোগাযোগ করিবেন। ফোন নং-98115-37295.

□

**নরেন্দ্রপুর-এ প্রসিদ্ধ রং কারখানার** কাজের জন্য দক্ষ ও অদক্ষ কর্মীর প্রয়োজন। গড়িয়া, সোনারপুর, বারুইপুর অঞ্চলের লোকেরা অগ্রাধিকার পাবেন। যোগাযোগ: 98308-90386.

□

**A Mfg Co. Needs Accountant** Tally Prime GST TDS E-Filing Location Baidyabati Hooghly Mail Id: appoinment2026@gmail.com

□

### কর্মখালি

হাওড়া মল্লিক ফটকে রেডিমেড কাপড়ের দোকানে পুরুষ কাজের লোকের প্রয়োজন বয়স ১৭ থেকে ৪০ এর মধ্যে, বাড়ী-১½ km মধ্যে। M-70447-53845.

□

**তিন বছরের বাচ্চাকে দেখাশোনার জন্য** হায়দরাবাদের বাড়িতে কর্মঠ অনূর্ধ্বা 45 বছর মহিলা শীঘ্রই দরকার, থাকা খাওয়া, মাহিনা 15 হাজার টাকা। মোবাইল: 98314-26038.

□

**Editor চাই**

**Physics, Chemistry ও Education-**এ Post Graduate Editor চাই। CV এবং মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও Graduation-এর marksheets email করুন: rayandmartin6@gmail.com-এ। কর্মস্থান: ১০ রমানাথ মজুমদার স্ট্রিট। কল-9. Minimum Salary- 18000/-

□

**Graduate with Computer know-**ledge require for a Mfg. Co. in Maheshtala Kol-700140. Apply with CV to: controldevices.kolkata @gmail.com

□

**Reqd. Exec. or Retired Person for** Exp. Imp., Mfrs., Property Related Work Mail Resume: kgdind@ gmail.com/ 91477-34435. 5 to 9 PM

□

**ব্যারাকপুর অফিসে বসে কাজ।** HS/BA+ বয়স (25-65) আয় 35K+, RETD, VRS, BANK রেল ব্যবসায়ী ARMY টিচার ফ্রেসার ও গৃহবধূ নিয়োগ, নো টার্গেট: 99036-40452.

□

### কর্মখালি

**Fresh and Experienced Lady** Office Executive required for a Pharmaceutical house in South Kolkata. Email : creationmedicare pvtltd@gmail.com

□

**Reputed Corporate Gr. reqd** Retd/House Wife/ Businessman/ Fresher HS+ (25-65) for Part/ Full Time. Attractive Salary + PF + ESL 62893-03389.

□

**Project BOOKS.COM@ Part** Time স্বগৃহে বই দেখে হাতে লিখে/ফর্ম ফিলাপ করে/Comp, ল্যাপটপ/স্মার্ট ফোনে টাইপ করে 6K সপ্তাহে আয়: 62911-59330, 98315-37449.

□

**প্রতিষ্ঠিত ওষুধের দোকানে অভিজ্ঞ** বিলিং ও কম্পিউটার জানা পুরুষ এবং মেডিসিন ওয়ার্কার চাই। বয়স (25-50) কল করুন 74399-96722.

□

**দিল্লী/মুম্বাইতে আয়া, নার্স, গভর্নেস,** রাঁধুনী, পেশেন্ট কেয়ার, মেড, কুক, হেল্পার, চাই। জয়া সেন্টার- 93301-58486/ 70114-56402/ 93158-25811.

□

**ICSE & ISC Affiliated School** requires expd PGT Geo, Com. Sci & Pre Primary Teacher Apply within 7 days at jmicv2022@ gmail.com Hooghly Dist preferable.

□

**Springdale High School (H.S),** Kalyani invites applications for experienced P.G. Computer Teacher with B.Ed below 30 years. Apply within 7 days through email : shs.recrut@gmail.com

□

### কর্মখালি

**Wanted male field Sales & Service** Engg for Precision equip. Experienced/ Fresher Deg/Dip Electronics/ Elect. Salary negotiable. Call-98300-41424/ 98300-41423.

□

**সিকিউরিটি সুপারভাইজার (HS+), গার্ড** ও লিফটম্যান লাইসেন্স হোল্ডার (১০+) চাই। ডিউটি ৮ hrs, বয়স ২২-৪৫, হাইট ৫'৮"। বেতন ESI + PF + bonus, Call: 98304-71584, 033-24422780, 033-2441177.

□

**কর্মক্ষেত্র**র আগামী সংখ্যার জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ২ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

১৩ মে-র **কর্মক্ষেত্র**র জন্য বিজ্ঞাপন নেওয়া হবে ৯ মে দুপুর ২টো পর্যন্ত।

□□□

বিজ্ঞাপন দিতে আগ্রহীরা যোগাযোগ করুন: ৮৯৬১২-৪২৬২৯

### কর্মখালি

**কল্যাণী ও কলকাতা অফিসে House** wife/ Business Woman/ Social & Pro-fessional Networking-দের যোগ্যতানু-যায়ী মাসিক আয় বয়স 35 & Above 62918-16038.

□

**Required Good Experienced** Draftman (AutoCad), Project Marketing, Project Engineering, Welder. Email: recruitment.dss@gmail.com

□

**Kannith Group invites appli-**cations for chennai Accountant/ marketing exec Graduate Salary 2 to 3 lakh pa +stay contact@ kannith.com 63809-17196/ 93400-38484.

**DISCLAIMER**
**SWARNAKSHAR PRAKASANI PVT. LTD.**

**assumes no responsibility for the authenticity or reliability of any advertisement published in this newspaper. The advertisements carried in the newspaper are accepted on good faith.**

**পাঠকের প্রতি**

কোনও বেসরকারি প্রতিষ্ঠানের বিজ্ঞাপনের উত্তরে আবেদন বা সাক্ষাৎ করার সময় কোনওরকম টাকা চাওয়া হলে সেই টাকা দেওয়া সম্পূর্ণ ন্যায়সঙ্গত কিনা সেবিষয়ে পুরোপুরি নিশ্চিত না হয়ে টাকা দেবেন না। যে-কোনও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হওয়ার আগে সংস্থাটির যাবতীয় স্বীকৃতিপত্র যাচাই করে নেওয়া সঙ্গত। বিজ্ঞাপনদাতারা কোনও প্রতিশ্রুতি পালনে ব্যর্থ হলে তার জন্য প্রকাশক, মুদ্রক, সম্পাদক এবং স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর মালিকপক্ষকে কোনওভাবেই দায়ী করা যাবে না।


# বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন উৎপাদন

*প্রথম পাতার পর*

স্যান্ডউইচ, টোস্ট, স্মুদি ইত্যাদিতে মাইক্রোগ্রিন ব্যবহার করা হচ্ছে কাঁচা অবস্থায়। কারণ রান্না করলে এর পুষ্টিগুণ কমে যায়।

মাইক্রোগ্রিনের তালিকায় বেশ জনপ্রিয় ব্রাহ্মী, সজনে, তুলসি, চিয়া বীজ, পালং শাক, ছোলা, মেথি শাক, সজনে, গম, হলুদ, পুদিনা, যব, সূর্যমুখী, বিটরুট, মুলো ইত্যাদি। চাহিদা বেড়েছে নানা ধরনের ভেষজ পাতার মাইক্রোগ্রিনেরও। মাইক্রোগ্রিন তৈরি করতে বিশেষ পরিশ্রম নেই। দরকার পড়ে না বড় পুঁজির।

এখনও আমাদের দেশে চাহিদা অনুযায়ী জোগান কম মাইক্রোগ্রিনের। তাই অনেকেই বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ করছেন। নিজের ১০ বর্গফুট ঘরে মাইক্রোগ্রিন চাষ করে ব্যবসায়িক সফলতা পেয়েছেন তামিলনাড়ুর বাসিন্দা বিদ্যাধরণ নারায়ণ। তিনি ২০১৮ সালে মাত্র ১৫ হাজার টাকা পুঁজি নিয়ে ব্যবসা শুরু করেছিলেন। চেন্নাইয়ের রেস্তোরাঁগুলিতে তিনি এখন ১৮ ধরনের মাইক্রোগ্রিন জোগান দেন। খুব কম জায়গায় মধ্যে মাইক্রোগ্রিন উৎপাদন করা যায়। বড় জমির প্রয়োজন হয় না, ছোট ছোট ট্রের মধ্যে চাষ করা যায়। হাইড্রোপোনিক পদ্ধতিতেও চাষ করা যায়।

## মাইক্রোগ্রিন চাষের পদ্ধতি

মাইক্রোগ্রিন জৈব পদ্ধতিতে বাড়িতেই চাষ করা যায়। এর জন্য লাগবে গাছের বীজ, মাটি, ট্রে, জল দেওয়ার স্প্রেয়ার ইত্যাদি। প্রথমে ছোট ছোট ট্রেগুলি মাটি দিয়ে ভরাট করতে হবে, তারপর তাতে বীজ ছড়িয়ে দিতে হবে। মাইক্রোগ্রিনের ক্ষেত্রে দু' ধরনের বীজ পাওয়া যায়। এক ধরনের বীজ রোপণের আগে জলে ভিজিয়ে রাখতে হয়। অন্যটার ক্ষেত্রে সরাসরি রোপণ করা চলে। যেমনই বীজ হোক তা মাটির ভিতরে আলতো চেপে ঢুকিয়ে দিতে হবে। তারপরে স্প্রেয়ার দিয়ে জল ছেটাতে হবে। ট্রে প্রথমে ছায়ায় বা ঘরের ভিতর রাখতে হবে। ১-২ ইঞ্চি লম্বা চারা বেরলে, সূর্যের আলো প্রত্যক্ষ ভাবে পড়ে না এমন জায়গায় ট্রেগুলো রাখতে হবে। এর ফলে চারাগুলি সবুজ ও সতেজ হবে। পাঁচ থেকে সাত দিনের মধ্যে চারাগুলি দু'-তিন ইঞ্চি লম্বা হলে মাইক্রোগ্রিন খাওয়ার উপযুক্ত হয়ে যায়। তখন কাঁচি দিয়ে শিকড়ের ঠিক উপর থেকে কেটে নিতে হবে।

## বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ

বেকার তরুণ-তরুণীরা বাণিজ্যিক ভাবে মাইক্রোগ্রিন চাষ করার কথা ভাবতে পারেন। এই চাষ লাভজনক। কারণ চাহিদা থাকলেও এর জোগান এখনও কম। তবে বাণিজ্যিক ভাবে চাষ শুরু করার আগে প্রশিক্ষণ নিলে ভালো হয়। এই বিষয়ে হাতে-কলমে প্রশিক্ষণ দিয়ে থাকে উত্তরপ্রদেশের গ্রেটার নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। আগ্রহীরা মে মাসে তিন দিনের একটি প্রশিক্ষণে যোগ দিতে পারেন। নারী-পুরুষ উভয়েই আবেদন করতে পারেন।

**কোর্সের নাম:** মাইক্রোগ্রিন ফার্মিং। **কোর্সের মেয়াদ:** ৭-৯ মে। **ক্লাস:** সকাল ১০টা থেকে দুপুর দেড়টা। **কী শিখবেন:** হাতে-কলমে শেখানো হবে মাইক্রোগ্রিনের বীজ রোপণ থেকে পরিচর্যা, সংরক্ষণ, আধুনিক প্রযুক্তির ব্যবহার ইত্যাদি। **কোর্স ফি** ৯,৮০০ টাকা।

প্রতিষ্ঠানের হোস্টেলে থাকার সুবিধা আছে। হোস্টেলে থাকা-খাওয়ার খরচ আলাদা। আবেদন করা যাবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://iht.edu.in/ বিশদ তথ্যও পাবেন এই ওয়েবসাইটেই।

# রাজ্যে মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে কয়েকশো অফিসার

*প্রথম পাতার পর*

সহ, ব্যাডমিন্টন, বাস্কেটবল, ক্রিকেট, ফুটবল, হকি, সুইমিং, টেবল টেনিস, ভলিবল, টেনিস, ওয়েটলিফটিং, রেসলিং, বক্সিং, সাইক্লিং, জিমন্যাস্টিক্স, জুডো, রাইফেল শুটিং, কবাডি, খো-খো এবং তিরন্দাজি।

প্রার্থী বাছাই করা হবে প্রিলিমিনারি এক্সামিনেশন, ফাইনাল এক্সামিনেশন এবং পার্সোন্যালিটি টেস্টের মাধ্যমে। মনে রাখবেন, প্রিলিমিনারি পরীক্ষা শুধুমাত্র একটি স্ক্রিনিং টেস্ট। এতে পাওয়া নম্বর চূড়ান্ত প্রার্থী বাছাইয়ের জন্য গণ্য হবে না। এই পরীক্ষায় সফল হলে লিখিত ফাইনাল পরীক্ষায় বসার ছাড়পত্র মেলে। ফাইনাল পরীক্ষায় সফল হলে পার্সোন্যালিটি টেস্ট। ফাইনাল এবং পার্সোন্যালিটি টেস্টে প্রাপ্ত মোট নম্বরের ভিত্তিতেই চূড়ান্ত মেধাতালিকা তৈরি হয়।

প্রিলিমিনারি পরীক্ষায় থাকবে জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক বিষয়ে অবজেক্টিভ ধরনের প্রশ্ন। মোট নম্বর ২০০। সময়সীমা দেড় ঘণ্টা। ফাইনাল পরীক্ষা হবে তিনটি পত্রে। পেপার-১-এ থাকবে ইংরেজি। পেপার-২-এ থাকবে বাংলা বা হিন্দি বা সাঁওতালি বা নেপালি বা উর্দু। পেপার-৩-এ থাকবে জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিক-সংক্রান্ত প্রশ্ন। প্রশ্ন হবে ডেসক্রিপটিভ ধরনের। মোট নম্বর ৪৫০। প্রথম ও দ্বিতীয় পত্রের সময়সীমা দেড় ঘণ্টা, তৃতীয় পত্রের আড়াই ঘণ্টা। পার্সোন্যালিটি টেস্ট হবে ১০০ নম্বরের।

প্রিলিমিনারি পরীক্ষার কেন্দ্রগুলি হল (ব্র্যাকেটে কোড নম্বর): কলকাতা (১১), বারুইপুর (১২), ডায়মন্ড হারবার (১৩), ব্যারাকপুর (১৪), বারাসাত (১৫), হাওড়া (১৬), চুঁচুড়া (১৭), বর্ধমান (১৮), দুর্গাপুর (১৯), মেদিনীপুর (২০), তমলুক (২১), বাঁকুড়া (২২), পুরুলিয়া (২৩), ঝাড়গ্রাম (২৪), সিউড়ি (২৫), কৃষ্ণনগর (২৬), বহরমপুর (২৭), মালদা (২৮), বালুরঘাট (২৯), রায়গঞ্জ (৩০), জলপাইগুড়ি (৩১), আলিপুরদুয়ার (৩২), কোচবিহার (৩৩), শিলিগুড়ি (৩৪), কালিম্পং (৩৫) এবং দার্জিলিং (৩৬)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://psc.wb.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ এপ্রিল থেকে ২০ মে পর্যন্ত। অনলাইন দরখাস্ত করার আগে 'ওয়ান টাইম এনরোলমেন্ট' করতে হবে। যদি আগেই এনরোলমেন্ট করিয়ে থাকেন, তবে নতুন করে এনরোলমেন্ট করানোর দরকার নেই। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর স্ক্যান করা পাসপোর্ট মাপের ফটো ও সই আপলোড করতে হবে।

ফি বাবদ অনলাইনে দিতে হবে ১৬০ টাকা। সার্ভিস চার্জ অতিরিক্ত। ফি জমা দেওয়ার শেষ তারিখ ২০ মে। পশ্চিমবঙ্গের তফসিলি ও দৈহিক প্রতিবন্ধী প্রার্থীদের কোনও ফি দিতে হবে না। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করুন। সাবমিট করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটিও কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রাখবেন। পরে কাজে লাগবে।

দরখাস্তের সময় কোনও ভুল হয়ে থাকলে তা সংশোধন করা যাবে ২২ মে থেকে ২৮ মে-র মধ্যে।

আগ্রহীরা খুঁটিনাটি তথ্য জানতে দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে ই-মেল করতে পারেন এই ঠিকানায়: pscwbit01@gmail.com

# কেন্দ্রীয় সরকারে ৭৩১ স্টেনোগ্রাফার

*প্রথম পাতার পর*

সি-র ক্ষেত্রে প্রতি মিনিটে ১০০টি শব্দের গতিতে শর্টহ্যান্ডে লিখে কম্পিউটারে ইংরেজিতে ৪০ মিনিটে বা হিন্দিতে ৫৫ মিনিটে টাইপ করতে হবে।

পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল (বন্ধনীতে সেন্টার কোড): কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫), কল্যাণী (৪৪১৯), সিউড়ি (৪৪১৬), আসানসোল (৪৪১৭), বর্ধমান (৪৪২২), দুর্গাপুর (৪৪২৬)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৫ মে। অনলাইন দরখাস্ত করার আগে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় (পার্ট-টু রেজিস্ট্রেশন) প্রার্থীর সই (জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এর পাশাপাশি অনলাইন আবেদন করার সময়ই সরাসরি ফটো তুলতে হবে।

ফি বাবদ অনলাইন দিতে হবে ১০০ টাকা। ফি জমা দেওয়া যাবে ভিম ইউপিআই বা নেট ব্যাঙ্কিং বা ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ত্রো/রুপে ডেবিট কার্ডের মাধ্যমে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৬ মে।

ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের ফি লাগবে না।

অনলাইন দরখাস্ত যথাযথ ভাবে সাবমিটের পর পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে কাজে লাগবে।

অনলাইন দরখাস্ত সংশোধন করা যাবে ২০ ও ২১ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী শিখবেন, কোথায় শিখবেন

# ড্রোন প্রযুক্তি বিষয়ে অনলাইন প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** ড্রোন ও কৃত্রিম উপগ্রহ প্রযুক্তি সম্পর্কে অনলাইন প্রশিক্ষণ দেবে ইসরো-র অনুমোদিত সংস্থা ইন্ডিয়া স্পেস ল্যাব। আবহাওয়া সংক্রান্ত তথ্য সংগ্রহ, সীমান্তে প্রহরা, কিংবা সৌরজগতের খুঁটিনাটি তথ্য জানতে কীভাবে এই প্রযুক্তি কাজে লাগে, তা-ই শেখানো হবে। দু'টি পর্বে প্রশিক্ষণ দেওয়া হবে। প্রথম পর্বের আবেদন গ্রহণ প্রক্রিয়া সদ্য শেষ হয়েছে, চলছে দ্বিতীয় পর্বের আবেদন গ্রহণ। প্রশিক্ষণ শেষে ইন্ডিয়া স্পেস ল্যাবের তরফে শংসাপত্র দেওয়া হবে। আগ্রহীরা দ্বিতীয় পর্বের প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারেন এখনই।

**কারা আবেদন করবেন:** স্নাতক এবং স্নাতকোত্তর স্তরে পাঠরতরা এবং যাঁরা সদ্য স্নাতক কিংবা স্নাতকোত্তর পাশ করেছেন।

**কী শেখানো হবে:** অ্যাডভান্সড ড্রোন টেকনোলজি, ক্যানস্যাট কিউবস্যাট (কৃত্রিম উপগ্রহ প্রযুক্তির উপাদান), রকেট্রি ট্রেনিং, রিমোট সেন্সিং অ্যান্ড জিয়োগ্রাফিক্যাল 'ইনফর্মেশন সিস্টেম (জিআইএস), ডিজাস্টার ম্যানেজমেন্ট।

**ক্লাস:** ১৭ জুন থেকে ৪ জুলাই।

**আসনসংখ্যা:** ১,০৪৫টি।

**আবেদনের শেষ তারিখ:** ১০ জুন।

**প্রশিক্ষণের খরচ:** ৯৫০ টাকা।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন এই ওয়েবসাইট: https://isl.internship.indiaspaceweek.org/

# বাগান পরিচর্যার প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** রাস্তার দু' পাশ, পার্ক, সরকারি-বেসরকারি অফিস, কলেজ, স্কুল, আবাসন, পেট্রোল পাম্প, হাসপাতাল ইত্যাদি জায়গার সৌন্দর্যায়ন করা হয় নানা ধরনের সবুজ গাছপালা দিয়ে। এর ফলে পরিবেশ হয়ে ওঠে সুন্দর। তবে শুধু গাছ রোপণ করেই সৌন্দর্যায়নের কাজ শেষ হয় না। সবুজ গাছ ছেঁটে কখনও চেনা প্রাণীর অবয়ব তৈরি করা, কখনও ছাউনির রূপ দেওয়া, এই সব নানাবিধ শৈল্পিক উপায়ে ল্যান্ডস্কেপ গঠনও সৌন্দর্যায়নের অংশ। এর জন্য গাছ সম্পর্কে ধারণা থাকার পাশাপাশি শৈল্পিক জ্ঞান থাকাও প্রয়োজন। কীভাবে ল্যান্ডস্কেপ গার্ডেন রক্ষণাবেক্ষণ করতে হবে, তাও জানতে হয়।

কাজ শিখে স্বাধীন ভাবে উদ্যান পালনের পেশায় আসতে চাইছেন অনেকেই। যাঁদের নিজেদের নার্সারি আছে তাঁরা এই কাজ শিখে নিলে উপার্জন বাড়বে।

মে মাসে এই বিষয়ে অফলাইন এবং অনলাইন প্রশিক্ষণ দেবে উত্তরপ্রদেশের নয়ডার ইনস্টিটিউট অব হর্টিকালচার টেকনোলজি। বয়সের কোনও বাধ্যবাধকতা নেই। মহিলা ও পুরুষ উভয়ই আবেদন করতে পারেন। হোস্টেলে থেকে প্রশিক্ষণ নেওয়া যাবে।

তবে বিষয়টি সম্পর্কে যাঁরা কেবল প্রাথমিক ধারণা তৈরি করতে চাইছেন কিংবা যাঁদের রাজ্যের বাইরে গিয়ে প্রশিক্ষণ নেওয়ার অসুবিধা, তাঁরা অনলাইন কোর্সটিও করতে পারেন।

**কোর্সের নাম:** ল্যান্ডস্কেপ অ্যান্ড গার্ডেন মেইনটেন্যান্স।

**কী পড়ানো হবে:** মাটির স্বাস্থ্য, ঘাসের লন তৈরির প্রক্রিয়া এবং তার রক্ষণাবেক্ষণ, মাইক্রো ইরিগেশন টেকনিক, প্রুনিং বা গাছ ছাঁটাই, বাগান পরিচর্যা ইত্যাদি।

**কোর্সের মেয়াদ:** ৪ থেকে ৮ মে। ক্লাস হবে সকাল ১০টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত।

**কোর্স ফি:** ১০,৮৫০ টাকা।

১৮ থেকে ২২ মে, এই একই কোর্স অনলাইনে করা যাবে। **ক্লাসের সময়** দুপুর আড়াইটে থেকে বিকেল সাড়ে ৫টা। কোর্স ফি ৫,৮৮০ টাকা।

আবেদনের পদ্ধতি ও অন্যান্য খুঁটিনাটি বিষয় জানতে দেখুন এই ওয়েবসাইট: https:///iht.edu.in

## স্কলারশিপের খোঁজখবর

### গুগল পি এইচ ডি ফেলোশিপ ইন্ডিয়া প্রোগ্রাম ২০২৬

টেকনোলজি-সংক্রান্ত বিষয়ে পি এইচ ডি করতে আগ্রহী কর্মরত প্রার্থীদের ফেলোশিপ দিচ্ছে গুগল ইন্ডিয়া।

**আবেদনের যোগ্যতা:** স্নাতক বা স্নাতকোত্তর ডিগ্রি।

**ফেলোশিপ:** ৫০,০০০ আমেরিকান ডলার।

বিশদ তথ্যের জন্য দেখুন এই লিংকটি: www.b4s.in/karma/GOOG2 আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

### এস বি আই ইয়ুথ ফর ইন্ডিয়া ফেলোশিপ

স্নাতক পাশ তরুণ-তরুণীদের ফেলোশিপ দিচ্ছে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া ফাউন্ডেশন।

**আবেদনের যোগ্যতা:** প্রার্থীকে অবশ্যই ১-১০-২০২৫-এর আগে স্নাতক কোর্স পাশ করে থাকতে হবে। বয়স: কোর্স শুরুর দিন ২১ থেকে ৩২ বছরের মধ্যে হতে হবে।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ১৬,০০০ টাকা।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.b4s.in/karma/SYFI5 আবেদনের শেষ তারিখ ৩০ এপ্রিল।

*(তথ্য সহায়তা: buddy4study)*

# ছাগল ও ভেড়া পালনের সরকারি প্রশিক্ষণ

**নিজস্ব প্রতিনিধি:** বাংলার কালো ছাগল ও ভেড়ার যথেষ্ট চাহিদা আছে। আমাদের রাজ্যে দেশীয় কালো ছাগল আর দেশি ভেড়ার বাচ্চা উৎপাদনের হার বেশি, রোগ-ব্যাধি কম, কঠিন পরিস্থিতিতেও তারা বেঁচে থাকতে পারে। যদি পর্যাপ্ত চরে বেড়ানোর জায়গা থাকে তাহলে আলাদা করে খাবারের প্রয়োজনও পড়ে না। ছাগল-ভেড়া প্রতিপালন করে আর্থিক উন্নতি করতে চাইলে, প্রশিক্ষণ নেওয়া থাকলে কাজ করতে সুবিধা হবে। বিশেষ করে প্রাণীদের অসুখ কীভাবে মোকাবিলা করা যায় বা খামার তৈরির খুঁটিনাটি জানা প্রয়োজন। ব্যবসায়িক উন্নতি কী করে করা যায় তা জানতেও প্রশিক্ষণ সাহায্য করে। ছাগল ও ভেড়া প্রতিপালনের প্রশিক্ষণ দিচ্ছে পশ্চিমবঙ্গ প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগ।

জুন মাসে পশ্চিমবঙ্গ প্রাণীসম্পদ উন্নয়ন বিভাগের তত্ত্বাবধানে নদিয়ার বড় জাগুলির অ্যাকাডেমি অব অ্যানিম্যাল রিসোর্সেস ম্যানেজমেন্টে ৫ দিনের ছাগল ও ভেড়া প্রতিপালনের প্রশিক্ষণ দেওয়া হবে। এই আবাসিক প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারেন এখনই।

### সরকারি প্রশিক্ষণ

**কোর্সের নাম:** ছাগল ও ভেড়া প্রতিপালনের মাধ্যমে উদ্যোগ-পতিত্ব।

**কী শেখানো হবে:** বিভিন্ন প্রজাতির ছাগল ও ভেড়ার পরিচয়, দেহের গঠন, শারীরবিদ্যা, খাদ্য ও পুষ্টি, প্রজননের সময় নির্বাচন, কৃত্রিম প্রজনন, বাচ্চার যত্ন, প্রাথমিক চিকিৎসা ও চিরাচরিত উপায়ে চিকিৎসা সম্পর্কে জানানো হবে। এছাড়া খামার ব্যবস্থাপনা, খামার অর্থনীতি, খামার বর্জ্য ব্যবস্থাপনা সম্পর্কেও জানানো হবে। সরকারি প্রকল্পের সুবিধা কীভাবে পেতে হবে, সে বিষয়ে ধারণা দেওয়া হবে।

**প্রশিক্ষণের তারিখ:** ১ জুন থেকে ৫ জুন।

**যোগ্যতা:** অন্তত মাধ্যমিক বা সমতুল পাশ। পশ্চিমবঙ্গের বসবাসকারী হতে হবে।

**বয়স:** ১-১-২০২৬ তারিখে ১৮ বছর থেকে ৬০ বছরের মধ্যে।

**আসন সংখ্যা:** ৬০।

**কোর্স ফি:** ৪,১৬২ টাকা। থাকা, খাওয়া ও প্রশিক্ষণের খরচ এই ফিয়ের অন্তর্গত।

**আবেদনের শেষ তারিখ:** ১৭ মে।

**কীভাবে আবেদন করবেন:** আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://wbldc.in ওয়েবসাইটে গিয়ে AARM পেজে 'Farm Entrepreneurship Certificate Course on Entrepreneurship through raising Goats & Sheep' ফর্মটি পূরণ করতে হবে। নির্বাচিত প্রার্থীকে এসএমএস অথবা ই-মেলের মাধ্যমে জানানো হবে। নির্বাচিত প্রার্থীদের ফি জমা দিয়ে ভর্তি হওয়ার শেষ তারিখ ২২ মে। বিস্তারিত জানতে ফোন করতে পারেন এই নম্বরে: ৮৯৪২৮-২৩৭১২। ই-মেল: aarmtraining@gmail.com

# সিমেন্ট টেকনোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা

সিমেন্ট টেকনোলজিতে স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে ন্যাশনাল কাউন্সিল ফর সিমেন্ট অ্যান্ড বিল্ডিং মেটেরিয়ালস। কোর্সটি এআইসিটিই কর্তৃক স্বীকৃত। কোর্সের মেয়াদ ১ বছর।

শিক্ষাগত যোগ্যতা: কেমিস্ট্রিতে এম এসসি অথবা কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং বা সিমেন্ট টেকনোলজিতে বি ই বা বি টেক।

কোর্স ফি: ৯০,০০০ টাকা, স্পনসর্ড প্রার্থীদের ক্ষেত্রে ৩,৭০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে।

আবেদন করতে হবে নির্দিষ্ট বয়ানে। আবেদনের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.ncbindia.com

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে ৫০০ টাকা। মহিলা, তফসিলি, প্রতিবন্ধী এবং প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না। ফি জমা দেওয়া যাবে আর টি জি এস বা এন ই এফ টি বা ইউ পি আইয়ের মাধ্যমে 'National Council for Cement and Building Materials'-এর অনুকূলে এই অ্যাকাউন্ট নম্বরে: 37301477161 (State Bank of India, CRI, Sector 4, Faridabad-121004, IFSC Code: SBIN0003794)। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিপ্টের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন।

আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে স্ক্যান করে রাখবেন। প্রয়োজনীয় নথিপত্র-সহ পূরণ করা ফর্ম ই-মেলে পাঠাতে হবে এই ঠিকানায়: cceb@ncbindia.com

অথবা অনলাইনে আবেদন করতে পারেন এই লিংকের মাধ্যমে: https://forms.gle/ntJ6BKuB8Eq859MEA

সবক্ষেত্রেই আবেদনের শেষ তারিখ ১৫ জুন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।


HERBS N DRUGS

বারাসাতে খ্যাতনামা অত্যাধুনিক আয়ুর্বেদিক ঔষধ কোম্পানীতে অভিজ্ঞতা সম্পন্ন

SALES EXECUTIVE ও ACCOUNTANT

প্রয়োজন

GOOD SALARY

সম্পূর্ণ বিবরন ও ছবিসহ সত্ত্বর যোগাযোগ করুন

herbsndrugs@rediffmail.com

or WhatsApp only

7596875445

8016750837



দি ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল

দি ক্রিকেট অ্যাসোসিয়েশন অফ বেঙ্গল কর্তৃক বাংলার পুরুষ ও মহিলা দলের বিভিন্ন বয়সভিত্তিক বিভাগের জন্য কোচ, এসঅ্যান্ডসি কোচ, পারফরম্যান্স অ্যানালিস্ট এবং ফিজিওথেরাপিস্ট পদে দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

আরও বিবরণের জন্য দেখুন: www.cricketassociationofbengal.com দরখাস্ত কেবল ই-মেল (cab@bengalcricket.com) -এর মাধ্যমে ০১ মে ২০২৬-এর মধ্যে পাঠাতে হবে।

বাবলু কোলে
অনাঃ সেক্রেটারি

তারিখ: ২৪ এপ্রিল, ২০২৬


## মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র

প্রতি মাসে ৫,০০০ টাকারও বেশি পুরস্কার জিতুন। নিচের ১২টি প্রশ্নের উত্তর খুঁজে বের করুন, কুপনটি পূরণ করুন আর পাঠিয়ে দিন এই ঠিকানায়— মালয়ালা মনোরমা, ৬, লেক টেম্পল রোড, কলকাতা - ৭০০০২৯, পশ্চিমবঙ্গ।

খামের উপর বড় বড় করে লিখুন 'মনোরমা ইয়ারবুক এক ডজন ক্যুইজ'। যাঁদের সবকটি প্রশ্নের উত্তর সঠিক হবে তাঁদের মধ্যে থেকে পাঁচ জনকে লটারির ভিত্তিতে বেছে নিয়ে প্রত্যেককে ১,০০০ টাকা এবং আরও ১০ জন কে মনোরমা ইয়ারবুক ২০২৬ বইটি পুরস্কার দেওয়া হবে।*

দেরি করবেন না! এই বিজ্ঞাপন প্রকাশের দু'সপ্তাহের মধ্যে আপনার উত্তর আমাদের কাছে পৌঁছনো চাই। অধিকাংশ উত্তরই বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত জ্ঞানকোষ মনোরমা ইয়ারবুক ও কর্মক্ষেত্র-য় পাবেন।

## এক ডজন ক্যুইজ

1. মহাকাশে মানুষের সর্বোচ্চ দূরত্ব পাড়ি দেওয়ার অভিযান আর্টেমিস-২ (Artemis II) কোন সংস্থার পরিকল্পনা?
   A. নাসা B. ইসরো C. ইউরোপিয়ান স্পেস এজেন্সি
2. রিজার্ভ ব্যাঙ্কের গভর্নরকে কে নিয়োগ করেন?
   A. প্রধানমন্ত্রী B. রাষ্ট্রপতি C. অর্থ মন্ত্রক
3. বিহারের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রীর নাম কী?
   A. সুশীল কুমার মোদি B. জিতন রাম মাঝি C. সম্রাট চৌধারি
4. ইরান-মার্কিন যুক্তরাষ্ট্র সংঘাতে কোন অঞ্চল কৌশলগত ভাবে গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে?
   A. হরমুজ প্রণালী B. সুয়েজ ক্যানাল C. বেরিং প্রণালী
5. 'নমিনাল' বা টাকার মূল্যে জিডিপি-র ভিত্তিতে ভারত জানুয়ারি, ২০২৬-এ বিশ্বের কত নম্বর অর্থনীতি হয়ে উঠেছে?
   A. তৃতীয় B. চতুর্থ C. পঞ্চম
6. ২০২৬ ইন্ডিয়া ওপেন ব্যাডমিন্টন টুর্নামেন্টের আয়োজক কোন শহর?
   A. নিউ দিল্লি B. মুম্বাই C. বেঙ্গালুরু
7. ২০২৫ সালে বিশ্বের বৃহত্তম বৈদ্যুতিক গাড়ি তৈরির মর্যাদা পেয়েছে কোন দেশ?
   A. আমেরিকা B. চীন C. জার্মানি
8. ২০২৬ সালে বিশ্বের প্রথম বাণিজ্যিক কোয়ান্টাম কম্পিউটার বানানোর দৌড়ে এগিয়ে আছে কোন প্রতিষ্ঠান?
   A. আইবিএম B. গুগল C. মাইক্রোসফট
9. ২০২৬ সালে কোন দেশে শীতকালীন অলিম্পিক্স অনুষ্ঠিত হয়?
   A. নরওয়ে B. ইতালি C. স্পেন
10. বিশ্বে প্রথম দেশ হিসেবে ভারত বাণিজ্যিক ভাবে কোন সুস্থায়ী প্রকৃতি বান্ধব বস্তুটি বানাতে সক্ষম হয়েছে?
    A. বায়ো প্লাস্টিক B. বায়ো ডিজেল C. বায়ো বিটুমেন
11. ২০২৬ সালে কোন দেশ ব্রিক্স (BRICS)-এর চেয়ারম্যান পদ পেয়েছে?
    A. ভারত B. চীন C. ব্রাজিল
12. গগনযান প্রকল্প কীসের সঙ্গে সংযুক্ত?
    A. সূর্য অভিযান B. মহাকাশে নভোচারী পাঠানো C. চাঁদে মানুষ পাঠানো

**উত্তর**

সঠিক উত্তরটির পাশের বাক্সে X চিহ্ন দিন

| | | | |
|---|---|---|---|
| 1. | A☐ | B☐ | C☐ |
| 2. | A☐ | B☐ | C☐ |
| 3. | A☐ | B☐ | C☐ |
| 4. | A☐ | B☐ | C☐ |
| 5. | A☐ | B☐ | C☐ |
| 6. | A☐ | B☐ | C☐ |
| 7. | A☐ | B☐ | C☐ |
| 8. | A☐ | B☐ | C☐ |
| 9. | A☐ | B☐ | C☐ |
| 10. | A☐ | B☐ | C☐ |
| 11. | A☐ | B☐ | C☐ |
| 12. | A☐ | B☐ | C☐ |

**মনোরমা ইয়ারবুক কর্মক্ষেত্র এক ডজন ক্যুইজ**

Name: ..............................

Address: ..............................

Pin Code: ..............................

Ph./Mob. No.: ..............................

এপ্রিল, ২০২৬

* উপরের কুপনটি ছাড়া অন্য কোনোভাবে উত্তর পাঠালে তা গৃহীত হবে না। চূড়ান্ত সিদ্ধান্ত মনোরমা ইয়ারবুকের।

## সিকিম এনআইটি-তে

# অধ্যাপক

বিভিন্ন বিষয়ে অ্যাসিস্ট্যান্ট প্রফেসর (গ্রেড-ওয়ান ও টু), অ্যাসোসিয়েট প্রফেসর ও প্রফেসর পদে ৩০ জনকে নেবে সিকিমের ন্যাশনাল ইনস্টিটিউট অব টেকনোলজি (এনআইটি)। এটি কেন্দ্রের শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ হবে বিভিন্ন বিজ্ঞপ্তি নম্বর অনুসারে।

নিয়োগ করা হবে এই সব বিষয়ে: সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রি-ক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং। এছাড়াও ম্যাথমেটিক্স বিষয়ে অ্যাসোসিয়েট প্রফেসর নিয়োগ করা হবে।

**শূন্যপদের বিন্যাস: বিজ্ঞপ্তি নম্বর NITS/Rect/Fac/2026/01:** অ্যাসিস্ট্যান্ট প্রফেসর: ১৫টি (সাধারণ ৮, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ৪, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**বিজ্ঞপ্তি নম্বর NITS/Rect/Fac/2026/02: অ্যাসোসিয়েট প্রফেসর:** ১০টি (সাধারণ ৪, তফসিলি জাতি ২, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)।

**বিজ্ঞপ্তি নম্বর NITS/Rect/Fac/2026/03: প্রফেসর:** ৫টি (সাধারণ ৪, ওবিসি ১)।

দরখাস্ত করতে হবে নির্দিষ্ট বয়ানে। দরখাস্তের বয়ান ডাউনলোড করে নেবেন এই ওয়েবসাইট থেকে: www.nitsikkim.ac.in পূরণ করবেন যথাযথ ভাবে।

অনলাইনে ফি বাবদ জমা দিতে হবে ১,৫০০ টাকা (মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ৭৫০ টাকা)।

দরখাস্ত ভরা খামের উপর লিখবেন 'APPLICATION FOR THE POST OF ________ IN THE DEPARTMENT OF ________.' শূন্যস্থান যথাযথ ভাবে পূরণ করবেন।

পূরণ করা ক্যান্ডিডেট সামারি ও প্রয়োজনীয় যাবতীয় নথিপত্রের স্বপ্রত্যয়িত নকল-সহ দরখাস্ত ২২ মে-র মধ্যে রেজিস্টার্ড বা স্পিড পোস্টে পৌঁছতে হবে এই ঠিকানায়: The Director, National Institute of Technology Sikkim, Ravangla, District – Namchi, Sikkim, PIN – 737139 (India).

শিক্ষাগত যোগ্যতা-সহ বিশদ তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## ন্যাশনাল ইনফর্মেটিক্সে সায়েন্টিস্ট

*প্রথম পাতার পর*

ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন, রেডিয়ো ফিজিক্স অ্যান্ড ইলেক্ট্রনিক্স, কেমিস্ট্রি, অ্যাপ্লায়েড কেমিস্ট্রি, মেটিরিয়ালস সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স, কম্পিউটার সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার, কমিউনিকেশন, কম্পিউটার অ্যান্ড নেটওয়ার্কিং সিকিউরিটি, কম্পিউটার অ্যাপ্লিকেশন, সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং, সফটওয়্যার সিস্টেম, ইনফর্মেশন টেকনোলজি, ইনফর্মেশন টেকনোলজি ম্যানেজমেন্ট, ইনফর্মেটিক্স, কম্পিউটার ম্যানেজমেন্ট, সাইবার ল, বায়ো-ইনফর্মেটিক্স, রিমোট সেন্সিং, জিওগ্রাফিক্যাল ইনফর্মেশন সিস্টেমস, জিওগ্রাফি, ম্যাথমেটিক্স, অ্যাপ্লায়েড ম্যাথমেটিক্স, অপারেশনস রিসার্চ, টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটেশনাল লিঙ্গুইস্টিক্স, ইনফর্মেশন সায়েন্স, ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং, ইলেক্ট্রিক্যাল, মেকানিক্যাল, সিভিল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রনিক্স, ইনস্ট্রুমেন্টেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইনস্ট্রুমেন্টেশন, পাওয়ার ইলেক্ট্রনিক্স, ডিজাইন। সেই সঙ্গে সায়েন্টিস্ট-ডি পদের ক্ষেত্রে ৮ বছর এবং সায়েন্টিস্ট-সি পদের ক্ষেত্রে ৪ বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। তবে এম ই, এম টেক এবং এম ফিল ডিগ্রিধারীরা অভিজ্ঞতায় ২ বছরের ছাড় পাবেন। সায়েন্স বা ইঞ্জিনিয়ারিং বা ইনফর্মেশন কমিউনিকেশন টেকনোলজিতে পিএইচডি ডিগ্রি থাকলে অগ্রাধিকার।

**বয়স:** ২১-১১-২০২২ তারিখে সায়েন্টিস্ট-ডি পদের ক্ষেত্রে ৪০ বছর এবং সায়েন্টিস্ট-সি পদের ক্ষেত্রে ৩৫ বছরের মধ্যে হতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে ছাড় পাবেন।

**বেতনক্রম:** সায়েন্টিস্ট-ডি পদের ক্ষেত্রে ৭৮,৮০০-২,০৯,২০০ টাকা, সায়েন্টিস্ট-সি পদের ক্ষেত্রে ৬৭,৭০০-২,০৮,৭০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে স্ক্রিনিং টেস্ট, শিক্ষা ক্ষেত্রে প্রাপ্ত নম্বর ও ইন্টারভিউয়ের মাধ্যমে। পশ্চিমবঙ্গের প্রার্থীদের পরীক্ষাকেন্দ্র কলকাতা। স্ক্রিনিং টেস্টে অবজেক্টিভ ধরনের মাল্টিপল চয়েস প্রশ্ন হবে রিজনিং, বেসিক ম্যাথমেটিক্স, ইংলিশ, অ্যাপ্টিটিউড, অ্যাটিটিউড অ্যান্ড লিডারশিপ কোয়ালিটি বিষয়ে। নম্বর ১৫০। সময় ৩ ঘণ্টা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://recruitment.nic.in/ প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্ত করা যাবে ৩০ এপ্রিল পর্যন্ত। অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর পাসপোর্ট মাপের রঙিন ফটো, সই-সহ প্রয়োজনীয় যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ দিতে হবে ৮০০ টাকা। অনলাইনে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ক্রেডিট কার্ড বা ইন্টারনেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমার পরে সিস্টেম জেনারেটেড ই-রিসিটের একটি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। পরে দরকার হবে।

মহিলা, তফসিলি ও দৈহিক প্রতিবন্ধীদের ফি দিতে হবে না। যাঁরা এর আগে বিজ্ঞপ্তি নম্বর: NIELIT/NIC/2022/2 অনুসারে দরখাস্ত করেছিলেন তাঁদেরও ফি দিতে হবে না।

দরখাস্ত যথাযথ ভাবে সাবমিট করার পর কনফার্মেশন পেজের এক কপি প্রিন্ট আউট নিয়ে নিজের কাছে রেখে দেবেন।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## আইসারে

# অধ্যাপক

৩৫ জন প্রফেসর ও অ্যাসিস্ট্যান্ট প্রফেসর নেবে অন্ধ্রপ্রদেশের তিরুপতির ইন্ডিয়ান ইনস্টিটিউট অব সায়েন্স এডুকেশন অ্যান্ড রিসার্চ। এটি কেন্দ্রের শিক্ষা মন্ত্রকের অধীনস্থ একটি স্বশাসিত সংস্থা। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর ২২/২০২৬। নিয়োগ করা হবে এই সব বিষয়ে— কম্পিউটার সায়েন্স, কেমিস্ট্রি, আর্থ অ্যান্ড ক্লাইমেট সায়েন্সেস, ইকনমিক্স অ্যান্ড স্ট্যাটিস্টিক্স, ফিজিক্স, প্ল্যান্ট সায়েন্সেস।

**শূন্যপদের বিন্যাস: প্রফেসর:** ৭টি (সাধারণ ২, তফসিলি জাতি ১, তফসিলি উপজাতি ১, ওবিসি ২, আর্থিক ভাবে অনগ্রসর ১)। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি-সহ পিএইচডি। সেই সঙ্গে গবেষণা ও অধ্যাপনার ১০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**অ্যাসিস্ট্যান্ট প্রফেসর:** ২৮টি (সাধারণ ১১, তফসিলি জাতি ৪, তফসিলি উপজাতি ২, ওবিসি ৮, আর্থিক ভাবে অনগ্রসর ৩)। **শিক্ষাগত যোগ্যতা:** প্রথম শ্রেণিতে স্নাতকোত্তর ডিগ্রি-সহ পিএইচডি। সেই সঙ্গে গবেষণা বা অধ্যাপনার ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

মোট শূন্যপদের মধ্যে ৬টি দৈহিক প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত।

**শুরুতে বেতন:** প্রফেসর পদের ক্ষেত্রে ১,৫৯,১০০ টাকা। অ্যাসিস্ট্যান্ট প্রফেসর পদের ক্ষেত্রে ১,০১,৫০০ টাকা।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.iisertirupati.ac.in অনলাইন দরখাস্ত করা যাবে ২৮ মে পর্যন্ত।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কেন্দ্রীয় সরকারে অনুবাদক

*প্রথম পাতার পর*

**শিক্ষাগত যোগ্যতা:** ইংরেজিতে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক স্তরে অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে অথবা হিন্দি মাধ্যমে স্নাতক স্তরের পরীক্ষা দিয়ে থাকতে হবে। অথবা, হিন্দিতে স্নাতকোত্তর ডিগ্রি। স্নাতক স্তরে অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে অথবা ইংরেজি মাধ্যমে স্নাতক স্তরের পরীক্ষা দিয়ে থাকতে হবে। অথবা, হিন্দি ও ইংরেজি ছাড়া অন্য যে-কোনও বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি। সেক্ষেত্রে প্রার্থীকে স্নাতকোত্তর স্তরে হিন্দি বা ইংরেজি মাধ্যমে পড়াশোনা করে থাকতে হবে। যদি স্নাতকোত্তর স্তরে পড়াশোনার মাধ্যম হয় হিন্দি, সেক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে ইংরেজি পড়ে থাকতে হবে বা ইংরেজি মাধ্যমে স্নাতক স্তরের পরীক্ষা দিয়ে থাকতে হবে। যদি স্নাতকোত্তর স্তরে পড়াশোনার মাধ্যম হয় ইংরেজি, সেক্ষেত্রে স্নাতক স্তরে অন্যতম বা ঐচ্ছিক বিষয় হিসেবে হিন্দি পড়ে থাকতে হবে বা হিন্দি মাধ্যমে স্নাতক স্তরের পরীক্ষা দিয়ে থাকতে হবে। সব ক্ষেত্রেই শিক্ষাগত যোগ্যতার পাশাপাশি, হিন্দি থেকে ইংরেজি এবং ইংরেজি থেকে হিন্দিতে অনুবাদের সার্টিফিকেট বা ডিপ্লোমা কোর্স পাশ করে থাকতে হবে। অথবা, কোনও স্বীকৃত সরকারি প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে জুনিয়র পদের ক্ষেত্রে ২ বছর এবং সিনিয়র পদের ক্ষেত্রে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।

**বয়স:** ১-৮-২০২৬ তারিখে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসি-রা ৩ ও দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছরের ছাড় পাবেন। প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

**বেতনক্রম:** জুনিয়র পদের ক্ষেত্রে ৩৫,৪০০-১,১২,৪০০ টাকা। সিনিয়র পদের ক্ষেত্রে ৪৪,৯০০-১,৪২,৪০০ টাকা।

**দৈহিক মাপজোক:** উচ্চতা: ১৫৭ সেমি (দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থী ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ১৫২ সেমি)। বুকের ছাতি না-ফুলিয়ে ও ফুলিয়ে যথাক্রমে ৭৫ ও ৮০ সেমি। ওজন: ৫০ কেজি (দার্জিলিং ও কালিম্পং জেলার প্রার্থী ও গোর্খা প্রার্থীদের ক্ষেত্রে ৪৭.৫ কেজি)।

প্রার্থী বাছাই করা হবে দু'টি পেপারের পরীক্ষার মাধ্যমে। পরীক্ষা হবে অগস্ট-সেপ্টেম্বর মাসে। প্রথম পেপারের পরীক্ষা কম্পিউটার-ভিত্তিক। অবজেক্টিভ ধরনের প্রশ্ন হবে জেনারেল ইংলিশ ও জেনারেল হিন্দি বিষয়ে। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। নেগেটিভ মার্কিং আছে। দ্বিতীয় পত্রে থাকবে ট্রান্সলেশন ও এসে রাইটিং। মোট নম্বর ২০০। সময় ২ ঘণ্টা। পশ্চিমবঙ্গের পরীক্ষাকেন্দ্রগুলি হল (বন্ধনীতে সেন্টার কোড): কলকাতা (৪৪১০), শিলিগুড়ি (৪৪১৫) ও কল্যাণী (৪৪১৯)।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: https://ssc.gov.in প্রার্থীর চালু ই-মেল আইডি থাকতে হবে। অনলাইন দরখাস্তের শেষ তারিখ ১৪ মে।

অনলাইন দরখাস্ত করার আগে 'ওয়ান টাইম রেজিস্ট্রেশন' করতে হবে। রেজিস্ট্রেশনের সময় রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড পাওয়া যাবে। এগুলি লিখে রাখবেন। মনে রাখবেন, অনলাইন দরখাস্ত করার সময় প্রার্থীর সই (জেপেগ ফর্ম্যাটে ১০-২০ কেবি সাইজের মধ্যে) আপলোড করতে হবে। এর পাশাপাশি অনলাইন আবেদন করার সময়ই সরাসরি ফটো তুলতে হবে।

ফি বাবদ দিতে হবে ১০০ টাকা। অনলাইন পদ্ধতিতে ডেবিট কার্ড (রুপে/ভিসা/মাস্টার কার্ড/মায়েস্ট্রো) বা ইন্টারনেট ব্যাঙ্কিং বা ভিম ইউপিআইয়ের মাধ্যমে ফি জমা দেওয়া যাবে। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ মে। ফি জমা দিয়ে পাওয়া ই-রিসিটের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি নিজের কাছে রেখে দেবেন। মহিলা, তফসিলি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের ফি দিতে হবে না।

অনলাইন দরখাস্ত সংশোধন করা যাবে ১৯ ও ২০ মে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।

## কী পড়বেন, কোথায় পড়বেন

### রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরে গবেষণা

**নিজস্ব প্রতিনিধি:** বাংলা, ইতিহাস, দর্শন, সংস্কৃত ও কম্পিউটার সায়েন্সে পিএইচডি করার সুযোগ দিচ্ছে বেলুড়ের রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির। শুধুমাত্র ছেলেরা আবেদন করবেন।

**শিক্ষাগত যোগ্যতা:** স্নাতকোত্তর স্তরে ৫৫ শতাংশ নম্বর পেয়ে থাকতে হবে। সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা মোট নম্বরে ৫ শতাংশ ছাড় পাবেন। সেই সঙ্গে ইউজিসি-নেট বা সিএসআইআর-নেট পরীক্ষায় পাশ করে থাকতে হবে।

**আসনসংখ্যা:** বাংলায় ৭টি, দর্শনে ৩টি, ইতিহাসে ২টি, সংস্কৃতে ২টি ও কম্পিউটার সায়েন্সে ১টি। **আবেদনপত্র জমা দেওয়ার শেষ দিন:** ১৫ মে। **আবেদনের ফি:** ২,০০০ টাকা (সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীদের ক্ষেত্রে ১,৮০০ টাকা)। **আবেদনের পদ্ধতি:** সরাসরি প্রতিষ্ঠানে গিয়ে আবেদনের ফর্ম সংগ্রহ করতে পারেন। ফর্ম ডাউনলোড করে নিতে পারেন ওয়েবসাইট থেকেও। তবে ফি ও প্রয়োজনীয় নথিপত্র-সহ আবেদনপত্র জমা দিতে হবে প্রতিষ্ঠানে এসে। ছুটির দিন বাদে সকাল ১১টা থেকে বিকেল ৪টের মধ্যে আবেদনপত্র জমা দেওয়া যাবে। বিশদ জানতে দেখুন প্রতিষ্ঠানের ওয়েবসাইট: www.vidyamandira.ac.in

### সোশ্যাল ওয়ার্ক, সাইকোলজিক্যাল কাউন্সেলিং

সোশ্যাল ওয়ার্কের স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি কোর্স এবং সাইকোলজিক্যাল কাউন্সেলিংয়ের স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সে ভর্তি নিচ্ছে বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ বিদ্যাসাগর স্কুল অব সোশ্যাল ওয়ার্ক।

**কোর্সের বিবরণ: ব্যাচেলর অব সোশ্যাল ওয়ার্ক অনার্স:** শিক্ষাগত যোগ্যতা: যে-কোনও শাখায় উচ্চমাধ্যমিক। ২০২৩-এর আগে উচ্চমাধ্যমিক পাশ করে থাকলে আবেদন করবেন না। কোর্সের মেয়াদ ৪ বছর।

**মাস্টার অব সোশ্যাল ওয়ার্ক:** শিক্ষাগত যোগ্যতা: অনার্স-সহ স্নাতক অথবা মোট অন্তত ৪৫ শতাংশ নম্বর-সহ স্নাতক। কোর্সের মেয়াদ ২ বছর।

**পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন সাইকোলজিক্যাল কাউন্সেলিং:** শিক্ষাগত যোগ্যতা: স্নাতক। বয়স ৫৫ বছরের মধ্যে হতে হবে। কোর্সের মেয়াদ ১ বছর। এটি একটি সান্ধ্যকালীন কোর্স। ক্লাস হবে সোম, মঙ্গল, বুধ ও শনিবার, বিকেল সাড়ে ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত।

অনলাইন আবেদন করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.jpinstitute.org আবেদনের শেষ তারিখ ৩০ জুন।

আবেদনের ফি বাবদ অনলাইনে দিতে হবে স্নাতক কোর্সের ক্ষেত্রে ৫০০ টাকা, স্নাতকোত্তর ডিগ্রি কোর্সের ক্ষেত্রে ৬০০ টাকা এবং স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্সের ক্ষেত্রে ৩০০ টাকা। আবেদনের পদ্ধতি-সহ অন্যান্য তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট। প্রয়োজনে যোগাযোগ করতে পারেন এই নম্বরগুলিতে: ৯৮৩০২৮২৯৭৯, ০৩৩-২৩২১-৩২৩০,০৩৩-২৩৩৭-৬৬৯৫।

## ইফকোয় ট্রেনি

*প্রথম পাতার পর*

ডিপ্লোমা ইন ম্যানেজমেন্ট কোর্স পাশ। এর পাশাপাশি কম্পিউটার ব্যবহারে দক্ষ হতে হবে। **বয়স:** ৩০-৪-২০২৬ তারিখে ২৫ বছরের মধ্যে হতে হবে। **স্টাইপেন্ড:** প্রতি মাসে ৫৫,০০০ টাকা।

**গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি:** কেমিক্যাল, মেকানিক্যাল, ইলেক্ট্রিক্যাল, ইনস্ট্রুমেন্টেশন অ্যান্ড ইলেক্ট্রনিক্স, সিভিল, আইটি, কম্পিউটার সায়েন্স, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স— এর মধ্যে যে-কোনও একটি শাখায় ব্যাচেলর্স ডিগ্রি।

**বয়স:** ৩০-৪-২০২৬ তারিখে ৩০ বছরের মধ্যে হতে হবে।

**স্টাইপেন্ড:** প্রতি মাসে ৬৫,০০০ টাকা।

সব ক্ষেত্রেই যোগ্যতামান নির্ণায়ক পরীক্ষায় অন্তত ৬০ শতাংশ (তফসিলিদের ক্ষেত্রে ৫৫ শতাংশ) নম্বর পেয়ে থাকতে হবে। হিন্দি ও ইংরেজি ভাষা জানা থাকা চাই।

সংরক্ষিত ক্যাটেগরির প্রার্থীরা নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করা হবে ম্যানেজমেন্ট ট্রেনি-র ক্ষেত্রে কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে। গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি নির্বাচিত করা হবে দু' পর্যায়ের কম্পিউটারভিত্তিক অনলাইন পরীক্ষা ও পার্সোন্যাল ইন্টারভিউয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে ম্যানেজমেন্ট ট্রেনি-র ক্ষেত্রে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://aavedan.iffco.coop/MTRecruitment/ এবং গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি-র ক্ষেত্রে এই ওয়েবসাইট লিঙ্কের মাধ্যমে: https://aavedan.iffco.coop/GETRecruitment/

দরখাস্তের শেষ তারিখ ম্যানেজমেন্ট ট্রেনি-র ক্ষেত্রে ২৯ এপ্রিল এবং গ্র্যাজুয়েট ইঞ্জিনিয়ার ট্রেনি-র ক্ষেত্রে ৩০ এপ্রিল।

বিশদ জানতে আগ্রহী প্রার্থীরা দেখুন এই ওয়েবসাইট: www.iffco.in

## হকিন্সের বিপণন বিভাগে ম্যানেজমেন্ট ট্রেনি

*প্রথম পাতার পর*

দক্ষ ও অভিজ্ঞদের ক্ষেত্রে বেতন আরও বেশি হতে পারে। সংস্থার তরফে জানানো হয়েছে, বিপণনের লক্ষ্য অর্জন করতে পারলে বছরে শুধু ইনসেন্টিভ বাবদ ৩-৫ লক্ষ টাকা উপার্জনের সুযোগ রয়েছে।

ট্রেনিংয়ে সফলরা অভিজ্ঞতা সঞ্চয়ের পরে মার্কেটিংয়ের কাজে নিয়োজিত হতে পারেন। তখন বেতন ও উপার্জন আরও বাড়বে। নামী প্রতিষ্ঠান থেকে ডিগ্রি অর্জন করে থাকলে বা সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞদের ক্ষেত্রে বেতন আরও বেশি হতে পারে।

লিখিত পরীক্ষা, গ্রুপ ডিসকাশন, ইন্টারভিউ ও মেডিক্যাল টেস্টের মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। অনলাইন আবেদন করবেন এই ওয়েবসাইটের মাধ্যমে: https://www.hawkinscookers.com/ অনলাইন আবেদনে "Reasons why I am interested in joining Hawkins"-এই শিরোনামে প্রার্থীর নিজের হাতে লেখা সর্বাধিক ২০০ শব্দের একটি নোট আপলোড করতে হবে। আগ্রহীরা যত দ্রুত সম্ভব আবেদন করবেন।

# কর্মক্ষেত্র তথ্যভাণ্ডার

যে-কোনও চাকরির পরীক্ষার প্রস্তুতিতে অপরিহার্য বিবিধ তথ্য।

## ব্রিটিশ ভারতে গভর্নর, গভর্নর জেনারেল এবং ভাইসরয়দের কার্যকাল ও ঘটনাপঞ্জি

### কলকাতার গভর্নর বা ফোর্ট উইলিয়ামের গভর্নর (১৭৫৬-১৭৭৩)

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
| রজার ড্রেক | ১৭৫৬-১৭৫৭ | ▸ সিরাজদ্দৌল্লার কলকাতা দখল।<br>▸ অন্ধকূপ হত্যা (২০ জুন, ১৭৫৬)।<br>▸ ফোর্ট উইলিয়ামের প্রেসিডেন্ট পদাধিকারী। |
| <br>রবার্ট ক্লাইভ | ১৭৫৭-১৭৬০ | ▸ বেঙ্গল প্রেসিডেন্সির প্রথম ব্রিটিশ গভর্নর।<br>▸ পলাশির যুদ্ধ (১৭৫৭)।<br>▸ বাংলায় কোম্পানি শাসনের প্রতিষ্ঠা।<br>▸ পলাশির যুদ্ধের পর বাংলার নবাব পদে মীরজাফরের নিয়োগ। |
| হেনরি ভ্যান্সিটার্ট | ১৭৬০-১৭৬৫ | ▸ মীরজাফরকে সরিয়ে বাংলার নবাব পদে মীরকাশিমকে বসান।<br>▸ বক্সারের যুদ্ধ (১৭৬৪)।<br>▸ এলাহাবাদের সন্ধি (১৭৬৫)। |
| রবার্ট ক্লাইভ | ১৭৬৫-১৭৬৭ | ▸ বাংলায় দ্বৈত শাসন প্রতিষ্ঠা।<br>▸ ইস্ট-ইন্ডিয়া কোম্পানি কর্তৃক বাংলা বিহার উড়িষ্যার দেওয়ানি লাভ। |
| হ্যারি ভেরেলেস্ট | ১৭৬৭-১৭৬৯ | ▸ কলকাতার গভর্নর। |
| <br>জন কার্টিয়ার | ১৭৬৯-১৭৭২ | ▸ বাংলায় চরম অরাজকতার সৃষ্টি হয়।<br>▸ তাঁর আমলে সীতাব রায় এবং রেজা খাঁ নিজ স্বার্থসিদ্ধিতে ব্যস্ত হয়ে পড়েন।<br>▸ বাংলায় ছিয়াত্তরের মন্বন্তর বা দুর্ভিক্ষ দেখা দেয় (১৭৬৯-১৭৭০)। |
| <br>ওয়ারেন হেস্টিংস | ১৭৭২-১৭৭৩ | ▸ দ্বৈত শাসন ব্যবস্থার অবসান।<br>▸ ব্রিটিশ ইস্ট-ইন্ডিয়া কোম্পানির ট্রেজারি মুর্শিদাবাদ থেকে কলকাতায় স্থানান্তর।<br>▸ বোর্ড অব রেভিনিউ গঠন।<br>▸ রাজস্ব আদায়ের জন্য ইজারাদার ব্যবস্থা চালু।<br>▸ রেগুলেটিং অ্যাক্টের (১৭৭৩) মাধ্যমে বাংলা প্রেসিডেন্সির গভর্নরকে, গভর্নর জেনারেল পদে উন্নীত করা হয়। |

### বাংলার গভর্নর জেনারেল (১৭৭৩-১৮৩৩)

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
| ওয়ারেন হেস্টিংস<br><br> | ১৭৭৩-১৭৮৫ | ▸ ১৭৭৪ সালে কলকাতায় সুপ্রিম কোর্ট প্রতিষ্ঠা।<br>▸ ১৭৮১ সালে কলকাতা মাদ্রাসা, ১৭৮৪ সালে এশিয়াটিক সোসাইটি স্থাপন।<br>▸ পীটের ভারত শাসন আইন প্রণয়ন (১৭৮৪ সালে)।<br>▸ প্রথম ইঙ্গ-মারাঠা যুদ্ধ (১৭৭৫-১৭৮২), দ্বিতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৮০-১৭৮৪)।<br>▸ দস্তক প্রথার অবসান।<br>▸ শ্রীমদ্ভগবৎ গীতার ইংরেজি অনুবাদ। |
| <br>লর্ড কর্নওয়ালিশ | ১৭৮৬-১৭৯৩ | ▸ তৃতীয় ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৯০-১৭৯২) এবং শ্রীরঙ্গপত্তনমের সন্ধি স্বাক্ষর।<br>▸ নিম্ন ও আপীল আদালত প্রতিষ্ঠা।<br>▸ বাংলা ও বিহারে চিরস্থায়ী বন্দোবস্ত চালু (১৭৯৩ সাল)।<br>▸ ১৭৯৩ সালে কর্নওয়ালিশ কোড চালু।<br>▸ ভারতে সিভিল সার্ভিস-এর সূচনা। |
| স্যার জন শোর | ১৭৯৩-১৭৯৮ | ▸ ১৭৯৩ চার্টার অ্যাক্ট পাস।<br>▸ দ্বিতীয় রোহিলা যুদ্ধ (১৭৯৪)।<br>▸ নিজাম ও মারাঠার মধ্যে খড়দার যুদ্ধ (১৭৯৫)। |
| <br>লর্ড ওয়েলেসলি | ১৭৯৮-১৮০৫ | ▸ অধীনতামূলক মিত্রতা নীতি (১৭৯৮) চালু।<br>▸ চতুর্থ ইঙ্গ-মহীশূর যুদ্ধ (১৭৯৯)।<br>▸ কলকাতায় ফোর্ট উইলিয়াম কলেজ (১৮০০) প্রতিষ্ঠা।<br>▸ ১৮০২ সালে মারাঠা পেশোয়া দ্বিতীয় বাজী রাওয়ের সঙ্গে বেসিনের সন্ধি স্বাক্ষর।<br>▸ কলকাতায় রাজভবন প্রতিষ্ঠা (১৮০৩)। |
| স্যার জর্জ বার্লো | ১৮০৫-১৮০৭ | ▸ দ্বিতীয় ইঙ্গ-মারাঠা যুদ্ধের সমাপ্তি।<br>▸ ব্যাঙ্ক অফ ক্যালকাটা'র প্রতিষ্ঠা।<br>▸ ব্রিটিশ সাম্রাজ্যে ক্রীতদাস প্রথার অবসান। |
| লর্ড প্রথম মিন্টো | ১৮০৭-১৮১৩ | ▸ ১৮০৯ সালে রঞ্জিত সিংহের সঙ্গে অমৃতসরের সন্ধি।<br>▸ ১৮১৩ সালে চার্টার অ্যাক্ট পাশ।<br>▸ উইলিয়াম কেরি কর্তৃক ১৮১২ সালে 'ইতিহাসমালা' বই রচনা। |
| ফ্রান্সিস এডওয়ার্ড আর হেস্টিংস বা আর্ল অব ময়রা | ১৮১৩-১৮২৩ | ▸ সগৌলির সন্ধির(১৮১৬) মধ্য দিয়ে ইঙ্গ-নেপাল (১৮১৪-১৬) যুদ্ধের অবসান।<br>▸ ১৮১৭ সালে হিন্দু কলেজ (বর্তমান প্রেসিডেন্সি ইউনিভার্সিটি) স্থাপন।<br>▸ বেঙ্গল টিনান্সি অ্যাক্ট পাশ (১৮২২)। |
| উইলিয়াম পিট আমহার্স্ট | ১৮২৩-১৮২৮ | ▸ কলকাতা সংস্কৃত কলেজ প্রতিষ্ঠা।<br>▸ প্রথম ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (১৮২৪-১৮২৬)।<br>▸ ১৮২৪ সালে ব্যারাকপুরে সিপাহি বিদ্রোহ।<br>▸ ইন্দাবুরের সন্ধি (১৮২৬)। |

### ভারতের গভর্নর জেনারেল (১৮৩৩-১৮৫৮)

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
| <br>লর্ড উইলিয়াম বেন্টিঙ্ক | ১৮২৮-১৮৩৫ | ▸ ভারতের প্রথম গভর্নর জেনারেল।<br>▸ ব্রাহ্ম সমাজ (১৮২৮) প্রতিষ্ঠা।<br>▸ সতীদাহ প্রথা রদ আইন পাশ (১৮২৯)।<br>▸ কোল বিদ্রোহ (১৮৩১)।<br>▸ চার্টার অ্যাক্ট (১৮৩৩) পাশ।<br>▸ কলকাতা মেডিক্যাল কলেজ অ্যান্ড হসপিটাল (১৮৩৫) প্রতিষ্ঠা। |
| স্যার চার্লস মেটকাফ | ১৮৩৫-১৮৩৬ | ▸ মেকলে মিনিটের ভিত্তিতে ইংরেজি ভাষাকে সরকারি ভাষা হিসাবে ঘোষণা।<br>▸ ক্যালকাটা পাবলিক লাইব্রেরী (১৮৩৬) স্থাপন। |
| <br>লর্ড অকল্যান্ড | ১৮৩৬-১৮৪২ | ▸ প্রথম ইঙ্গ-আফগান যুদ্ধ (১৮৩৬-১৮৪২)।<br>▸ প্রথম দৈনিক বাংলা সংবাদপত্র 'সংবাদ প্রভাকর'-এর প্রকাশ (১৮৩৯)।<br>▸ তত্ত্ববোধিনী সভা গঠন (১৮৩৯)।<br>▸ ব্যাঙ্ক অব বোম্বাই স্থাপন (১৮৪০)। |
| <br>লর্ড এলেনবরো | ১৮৪২-১৮৪৪ | ▸ গোয়ালিয়রের যুদ্ধ (১৯৪৩) হয়েছিল।<br>▸ ব্যাঙ্ক অব মাদ্রাজ (১৮৪৩) স্থাপিত হয়, যা পরে ইম্পেরিয়াল ব্যাঙ্ক ও তার পরে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া নামে পরিচিত হয়।<br>▸ ইন্ডিয়ান স্লেভারি অ্যাক্ট-১৮৪৩ পাশ। |
| হেনরি হার্ডিঞ্জ | ১৮৪৪-১৮৪৮ | ▸ প্রথম ইঙ্গ-শিখ যুদ্ধ (১৮৪৫-১৮৪৬) এবং লাহোরের সন্ধি (১৮৪৬)।<br>▸ রুরকি ইঞ্জিনিয়ারিং কলেজ প্রতিষ্ঠা (১৮৪৭)। |
| <br>লর্ড ডালহৌসি | ১৮৪৮-১৮৫৬ | ▸ স্বত্ববিলোপ নীতি চালু।<br>▸ দ্বিতীয় ইঙ্গ-শিখ যুদ্ধ (১৮৪৮-৪৯) এবং দ্বিতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (১৮৫২-১৮৫৩)।<br>▸ কলকাতা থেকে ডায়মন্ডহারবার পর্যন্ত প্রথম টেলিগ্রাফ লাইন চালু (১৮৫১) এবং বোম্বাই থেকে থানে পর্যন্ত ভারতে প্রথম রেলপথের সূচনা (১৮৫৩)।<br>▸ উডের ডেসপ্যাচ আইন (১৮৫৪)।<br>▸ সাঁওতাল বিদ্রোহ (১৮৫৫)। |
| লর্ড ক্যানিং | ১৮৫৬-১৮৫৮ | ▸ বিধবাদের পুনর্বিবাহ আইন চালু (১৮৫৬)।<br>▸ ক্যালকাটা, বোম্বাই এবং মাদ্রাজ বিশ্ববিদ্যালয় স্থাপন (১৮৫৭)।<br>▸ মহাবিদ্রোহ বা সিপাহী বিদ্রোহ (১৮৫৭)। |

### ভারতের ভাইসরয় (১৮৫৮-১৯৪৭)

| নাম | শাসনকাল (খ্রিঃ) | অবদান ও উল্লেখযোগ্য ঘটনা |
|---|---|---|
| <br>লর্ড ক্যানিং | ১৮৫৮-১৮৬২ | ▸ ব্রিটেনের রানির ঘোষণাপত্র (১৮৫৮) চালু।<br>▸ ভারতের গভর্নর জেনারেলকে ভাইসরয় পদে উন্নীত করা হয়।<br>▸ গভর্নমেন্ট অব ইন্ডিয়া অ্যাক্ট-১৮৫৮ পাশ।<br>▸ নীল বিদ্রোহ (১৮৫৯-৬০)।<br>▸ ইন্ডিয়ান হাইকোর্টস অ্যাক্ট-১৮৬১, ইন্ডিয়ান কাউন্সিল অ্যাক্ট-১৮৬১, ইন্ডিয়ান সিভিল সার্ভিস অ্যাক্ট-১৮৬১, পুলিশ অ্যাক্ট-১৮৬১ পাশ।<br>▸ আর্কিওলজিক্যাল সার্ভে অব ইন্ডিয়া (১৮৬১) প্রতিষ্ঠা। |
| লর্ড এলগিন | ১৮৬২-১৮৬৩ | ▸ ক্যালকাটা, বোম্বাই এবং মাদ্রাজ হাইকোর্ট (১৮৬২) প্রতিষ্ঠা। |
| উইলিয়াম ডেনিসন | ১৮৬৩-১৮৬৪ | ▸ কোনও উল্লেখযোগ্য ঘটনা ঘটেনি। |
| স্যার জন লরেন্স | ১৮৬৪-১৮৬৯ | ▸ ভারত ও ইউরোপের মধ্যে টেলিগ্রাফ ব্যবস্থা চালু (১৮৬৫)।<br>▸ এলাহাবাদ হাইকোর্ট প্রতিষ্ঠা (১৮৬৬)।<br>▸ সিমলাকে তৎকালীন ভারতের গ্রীষ্মকালীন রাজধানী হিসাবে স্বীকৃতি। |
| <br>লর্ড মেয়ো | ১৮৬৯-১৮৭২ | ▸ আর্থিক বিকেন্দ্রীকরণ নীতি (১৮৭০)।<br>▸ কেশব চন্দ্র সেন কর্তৃক 'ইন্ডিয়া রিফর্মস অ্যাসোসিয়েশন (১৮৭০) প্রতিষ্ঠা।<br>▸ জনগণনা শুরু (১৮৭২)।<br>▸ স্ট্যাটিস্টিক্যাল সার্ভে অব ইন্ডিয়ার প্রতিষ্ঠা (১৮৭২)। |
| <br>লর্ড নর্থব্রুক | ১৮৭২-১৮৭৬ | ▸ মহারাষ্ট্রে জোতিবা ফুলে কর্তৃক 'সত্যশোধক সমাজ'(১৮৭৩) স্থাপন।<br>▸ স্যার সৈয়দ আহমেদ খান কর্তৃক মহামেডান অ্যাংলো ওরিয়েন্টাল কলেজ প্রতিষ্ঠা (১৮৭৫)।<br>▸ সুরেন্দ্রনাথ ব্যানার্জি কর্তৃক ভারত সভা গঠন (১৮৭৬)।<br>▸ ড্রামাটিক পারফরমেন্স অ্যাক্ট (১৮৭৬) চালু। |
| <br>লর্ড লিটন | ১৮৭৬-১৮৮০ | ▸ রাজকীয় উপাধি আইন-১৮৭৬, সংবাদপত্র স্বাধীনতা আইন (১৮৭৬), কার্যকর।<br>▸ ১৮৭৬-১৮৭৮ সালের দুর্ভিক্ষ এবং তার ফলে রিচার্ড স্ট্রাচির নেতৃত্বে 'দুর্ভিক্ষ কমিশন' গঠন।<br>▸ দ্বিতীয় ইঙ্গ-অফগান যুদ্ধ (১৮৭৮-১৮৮০) এবং গন্ডামার্কের সন্ধি (১৮৭৯) স্বাক্ষরের মধ্য দিয়ে তার সমাপ্তি।<br>▸ সিভিল সার্ভিস পরীক্ষার বয়স ২১ থেকে কমিয়ে করা হয় ১৯ বছর। |
| লর্ড রিপন | ১৮৮০-১৮৮৪ | ▸ প্রথম ফ্যাক্টরি আইন (১৮৮১) চালু।<br>▸ পাঞ্জাব ইউনিভার্সিটি প্রতিষ্ঠা (১৮৮২)।<br>▸ হান্টার কমিশন গঠন (১৮৮২)।<br>▸ ইলবার্ট বিল (১৮৮৩) উত্থাপন ও বিতর্ক। |
| <br>লর্ড ডাফরিন | ১৮৮৪-১৮৮৮ | ▸ বেঙ্গল টিন্যান্সি অ্যাক্ট(১৮৮৫) পাশ।<br>▸ ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠা (১৮৮৫)।<br>▸ তৃতীয় ইঙ্গ-ব্রহ্ম যুদ্ধ (১৮৮৫-৮৬)।<br>▸ বার্মার ভারতের প্রদেশ হিসাবে অন্তর্ভুক্তি (১৮৮৬), যার রাজধানী হয় রেঙ্গুন। |

ক্রমশ

# কারেন্ট অ্যাফেয়ার্স

১ এপ্রিল-৮ এপ্রিল

**১ এপ্রিল** বিধানসভা নির্বাচনের আগে অতিরিক্ত তালিকা বা 'সাপ্লিমেন্টারি লিস্ট'-এ যাঁদের নাম উঠবে না, তাঁদের ভোটাধিকার চিরতরে চলে যেতে পারে না বলে বার্তা দিল সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালত জানিয়েছে পশ্চিমবঙ্গে এসআইআর প্রক্রিয়ায় ৬০ লক্ষ ৬ হাজার ৬৭৫ জনের নাম 'বিবেচনাধীন' ছিল। কমিশন সূত্রে খবর এদিন রাত পর্যন্ত ৪৯ লক্ষেরও বেশি বিবেচনাধীন ভোটারের নামের নিষ্পত্তি হয়েছে। অন্যদিকে, ভোটার তালিকায় নাম বাদ যাওয়ার প্রতিবাদে কলকাতা-শিলিগুড়ি (১২ নম্বর) জাতীয় সড়ক মালদহের সুজাপুরে অবরোধ করে রাখা হয়। ১৫ ঘণ্টা অবরোধের পর প্রশাসনকে চার দিনের সময় দিয়ে অবরোধ তোলে জনতা।

এই নিয়ে টানা তৃতীয়বার বিশ্বকাপের মূলপর্বে খেলার স্বপ্নভঙ্গ হল চারবার বিশ্বকাপ জয়ী ইটালির। প্লে অফের ফাইনালে বসনিয়া-হারজেগোভিনার কাছে হেরে মূল পর্বে পৌঁছতে পারল না তারা। অন্যদিকে ৫২ বছর পরে কঙ্গো, ৪০ বছর পরে ইরাক, ২৪ বছর পরে তুরস্ক এবং ২০ বছর পরে চেকপ্রজাতন্ত্র মূলপর্বে উঠল। কঙ্গো ১-০ ফলে জামাইকাকে, ইরাক ২-১ গোলে বলিভিয়াকে, তুরস্ক ১-০ গোলে কসোভোকে এবং চেক প্রজাতন্ত্র ২-২ (টাইব্রেকারে ৩-১) ফলে ডেনমার্ককে হারিয়ে খেলবে মূলপর্বে। এছাড়াও ২০২৬ বিশ্বকাপের মূলপর্বে খেলতে দেখা যাবে চারটি নতুন দেশ— কুরাসাও, জর্ডন, কেপ ভার্দে এবং উজবেকিস্তানকে।

## সেনাপ্রধানকে সরালেন ট্রাম্প, ইরানের দাবি আলোচনার পথ বন্ধ



৩ এপ্রিল: পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতির মধ্যেই মার্কিন সেনার সর্বাধিনায়ক তথা 'আর্মি চিফ অব স্টাফ' র‍্যান্ডি জর্জকে অবসর গ্রহণের নির্দেশ দেওয়া হল। মার্কিন সেনাবাহিনীর সাম্প্রতিক ইতিহাসে, যুদ্ধ পরিস্থিতিতে কোনও সেনাপ্রধানকে সরিয়ে দেওয়া নজিরবিহীন। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ঠিক কী কারণে জর্জকে সরানোয় সায় দিয়েছেন তা নিয়ে মার্কিন প্রশাসনের মধ্যেই প্রশ্ন উঠেছে। জর্জের বদলে মার্কিন সেনার প্রধানের পদ পেয়েছেন জেনারেল ক্রিস্টোফার লানেভ। অন্যদিকে, একদিন আগেই ইরানের কারাজে অবস্থিত সেদেশের দীর্ঘতম সেতু ধ্বংস করে ইজরায়েল এবং আমেরিকার যৌথবাহিনী। পাল্টা হিসেবে দু'টি মার্কিন যুদ্ধবিমান ধ্বংস করার দাবি করেছে ইরানের 'রেভলিউশনারি গার্ড'-ও। সেতুতে হামলার পরে আমেরিকার সঙ্গে আলোচনার সব রাস্তা বন্ধ বলে এদিন এক সাক্ষাৎকারে দাবি করেছেন ইরানের বিদেশমন্ত্রী।

**২ এপ্রিল** আমেরিকার অ্যাটর্নি জেনারেলের পদ থেকে পাম বন্ডিকে বরখাস্ত করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বিচার দফতরের শীর্ষ পদের দায়িত্ব সাময়িকভাবে দেওয়া হয়েছে ডেপুটি অ্যাটর্নি জেনারেল টড ব্লাঞ্চকে। মার্কিন রাজনৈতিক সূত্রে অনুমান, সরকার বিরোধী ও রাজনৈতিক প্রতিপক্ষের বিরুদ্ধে ফৌজদারি মামলাগুলি বড্ড দ্রুত এগিয়ে নিয়ে যেতে পারছিলেন না। সম্ভবত সে কারণেই বরখাস্ত।

লোকসভার পরে এদিন রাজ্যসভাতে পাশ হল অন্ধ্রপ্রদেশ পুনর্গঠন (সংশোধনী) বিল। রাষ্ট্রপতি এই বিলে সই করার পরেই অমরাবতী অন্ধ্রের রাজধানীতে পরিণত হবে। এই বিল নিয়ে আলোচনায় কংগ্রেসের রেণুকা চৌধুরী অভিযোগ করেন, বারো বছর ধরে বিষয়টি যে ঝুলে ছিল, সেটা রাজ্য সরকার ও কেন্দ্রের ব্যর্থতা। অন্ধ্রের শাসকদল টিডিপি-র বিরোধী ওয়াইএসআরসিপি-র সাংসদ ওয়াই বি সুব্বারেড্ডি বিলের বিরোধিতা করে বলেন, কৃষকদের জমি নেওয়া হয়েছে। তাঁদের সমস্যার ঠিকমতো সমাধান করা হয়নি।

## নৌসেনা পেল তৃতীয় পরমাণু ডুবোজাহাজ



৩ এপ্রিল: ভারতে তৈরি তৃতীয় পরমাণু শক্তিচালিত ডুবোজাহাজ 'অরিদমন' পেল দেশের নৌসেনা। এদিন বিশাখাপত্তনমে প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিংহ এই ডুবোজাহাজ এবং স্টেলথ ফ্রিগেট শ্রেণির জাহাজ 'আইএনএস তারাগিরি'-র উদ্বোধন করেন। এর আগে দেশীয় প্রযুক্তিতে 'আইএনএস অরিহন্ত' ও 'আইএনএস অরিঘাত নামে দু'টি পরমাণু শক্তিচালিত ও পরমাণু অস্ত্র বহনে সক্ষম ডুবোজাহাজ তৈরি করেছে ভারত। পাশাপাশি 'আইএনএস তারাগিরি'ও রেডার এড়িয়ে অভিযান চালাতে বড় ভূমিকা নিতে পারবে বলে নৌসেনা সূত্রে জানানো হয়েছে।



"মোদীজির প্রিয় বন্ধু 'নমস্তে ট্রাম্প' একটি নোট পোস্ট করেছেন, যার ভাষা অত্যন্ত অপমানজনক। মোদীজি নীরব। বিদেশমন্ত্রকের মুখপাত্র বলছেন এটা এখানেই ছেড়ে দিতে চাইছি। মোদীজি, কিসের ভয় পাচ্ছেন?"

মল্লিকার্জুন খড়্গে, *কংগ্রেস সভাপতি*

ডোনাল্ড ট্রাম্প সমাজমাধ্যম 'ট্রুথ সোশ্যাল'-এ আমেরিকায় জন্মসূত্রে নাগরিকত্বের বিষয়টি তুলে ভারত এবং চিনকে 'নরককুণ্ডের' সঙ্গে তুলনা করায়

**৪ এপ্রিল** গত ন'বছরে ভারতের প্রতিরক্ষা রফতানি ২৫ গুণ বেড়ে ২০২৫-২৬ অর্থবর্ষে রেকর্ড ৩৮,৪২৪ কোটি টাকায় পৌঁছল। এই টাকার অঙ্কের ৫৫% যুদ্ধজাহাজ ও নৌযান রফতানিতে বলে জানা গিয়েছে। দক্ষিণ চিন সাগর নিয়ে বেজিংয়ের সঙ্গে বিরোধে লিপ্ত ফিলিপিন্স (১৯%) ও ভিয়েতনাম (৫.৫%) ভারতীয় প্রতিরক্ষা সামগ্রীর অন্যতম ক্রেতা। মোট রফতানির ১৫% কিনছে আজারবাইজানের সঙ্গে সংঘাতে জড়িয়ে থাকা আর্মেনিয়া। এছাড়াও কামান, ক্ষেপণাস্ত্র ও নজরদারির যন্ত্রপাতি কিনছে মায়ানমার, শ্রীলংকা, সেশেলস, মরিশাস এবং আর্মেনিয়া।

**নির্বাচন কমিশনকে স্বাধীনভাবে** কাজ করার পক্ষে বক্তব্য পেশ করলেন শীর্ষ আদালতের বিচারপতি বি ভি নাগরত্ন। পশ্চিমবঙ্গে এসআইআর তথা ভোট প্রক্রিয়া নিয়ে নির্বাচন কমিশনের বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ তুলেছে শাসক দল তৃণমূল। জাতীয় স্তরেও বিরোধীরা দাবি তুলেছে, নির্বাচন কমিশন কেন্দ্রের শাসক দল বিজেপির হয়ে কাজ করছে। এই আবহেই পাটনায় এক অনুষ্ঠানে সাংবিধানিক সংস্থাগুলির ভূমিকা নিয়ে সরব হন বিচারপতি নাগরত্ন। তিনি বলেন, 'নির্বাচন কমিশন, কন্ট্রোলার অ্যান্ড অডিটর জেনারেল ও অর্থ কমিশনের মতো সংস্থা এমন ক্ষেত্রে কাজ করে যেখানে সাধারণ রাজনৈতিক প্রক্রিয়ায় নিরপেক্ষতা বজায় রাখা কঠিন হতে পারে। সেজন্যই এই সংস্থাগুলিকে বিশেষভাবে তৈরি করা হয়েছে। তাই এই সংস্থাগুলির রাজনৈতিক প্রক্রিয়ার প্রভাবের বাইরে থেকে কাজ করা একান্ত প্রয়োজন।'

## প্রয়াত মণি ছেত্রী



৫ এপ্রিল: বিশিষ্ট হৃদরোগ চিকিৎসক মণি ছেত্রী (১০৬) প্রয়াত হলেন। ১৯৫৫ সালে বিদেশে গিয়ে এমআরসিপি পাশ করে দেশে ফিরে যোগ দেন স্কুল অব ট্রপিক্যাল মেডিসিনে। পরবর্তী সময়ে তিনি যোগ দেন এসএসকেএমে। পিজি হাসপাতালকে আধুনিক স্পেশালিটি হাসপাতাল ও উৎকর্ষ কেন্দ্র হিসেবে গড়ে তোলার কাণ্ডারীদের মধ্যে তিনি অন্যতম ছিলেন। ১৯৭৪ সালে পদ্মশ্রী সম্মান পান। ১৯৭৬ সালে পিজির অধিকর্তা থেকে রাজ্যের স্বাস্থ্য অধিকর্তা হয়েছিলেন। ১৯৮২-তে সরকারি প্রতিষ্ঠান থেকে অবসর নেওয়ার পরেও চিকিৎসা চালিয়ে গিয়েছেন।

**৫ এপ্রিল** বাংলাদেশে পয়লা বৈশাখ যে শোভাযাত্রা হয় তার নাম পাল্টে দিল বর্তমান বিএনপি সরকার। কয়েক দশক ধরে চলা 'মঙ্গল শোভাযাত্রা'র নাম গতবছরই মুহাম্মদ ইউনূসের সরকার পাল্টে 'আনন্দ শোভাযাত্রা' করেছিল। বাংলাদেশের সংস্কৃতি বিষয়ক মন্ত্রী নিতাই রায়চৌধুরী জানিয়েছেন, 'মঙ্গল শোভাযাত্রা' বা 'আনন্দ শোভাযাত্রা' নয় বাংলা নববর্ষের শোভাযাত্রার নাম হচ্ছে 'বৈশাখী শোভাযাত্রা'। মন্ত্রী জানান, বৈশাখী মেলা, বৈশাখী শোভাযাত্রা, বৈশাখী আনন্দ— সবকিছুতেই সরকার বৈশাখকেই বিশেষ গুরুত্ব দিতে চায়, সেই দিকটি মাথায় রেখেই এই সিদ্ধান্ত।

**৬ এপ্রিল** ভারত-সহ বন্ধু দেশগুলির জন্য হরমুজ প্রণালী খোলার জন্য 'বিশেষ ব্যবস্থা' নেওয়া হয়েছে বলে জানাল ইরান। ভারতে নিযুক্ত ইরানের রাষ্ট্রদূত মহম্মদ ফাতালি জানিয়েছেন, এর থেকেই প্রমাণ হয় ইরানের রাজনৈতিক দায়বদ্ধতা রয়েছে, যাতে জলপথে বন্ধু রাষ্ট্রগুলির নিরাপত্তা নিশ্ছিদ্র থাকে। ইরানের দূতাবাস আরও জানিয়েছে, ইরানের বিদেশমন্ত্রী সৈয়দ আব্বাস আরাঘচি ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে ফোনে দ্বিপাক্ষিক সম্পর্ক এবং আঞ্চলিক ও আন্তর্জাতিক ঘটনাবলি নিয়ে আলোচনা করছেন।

ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে সরানোর জন্য আনা বিরোধীদের প্রস্তাব সংসদের উভয় কক্ষেই খারিজ হয়ে গেল। সংসদীয় সূত্রে জানানো হয়েছে লোকসভার স্পিকার ওম বিড়লা ও রাজ্যসভার চেয়ারম্যান সি পি রাধাকৃষ্ণণ— দু'জনেই ওই প্রস্তাব গ্রহণ করতে রাজি হননি। প্রস্তাব কেন গ্রহণ করা হল না তার কোনও ব্যাখ্যা দেওয়া হয়নি। উল্লেখ্য, ১২ মার্চ দুই কক্ষ মিলিয়ে মোট ১৯৩ জন সাংসদ জ্ঞানেশকে সরানোর প্রস্তাবে সই করেন। আসাম, কেরল, পুদুচেরির ভোটের (৯ এপ্রিল) ঠিক আগে সংসদীয় সচিবালয় এই সিদ্ধান্ত জানান।

**৭ এপ্রিল** বাংলাদেশে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালীন হত্যার চেষ্টা এবং ভাঙচুরের অভিযোগের মামলায় গ্রেফতার করা হল সেদেশের জাতীয় সংসদের প্রাক্তন স্পিকার শিরীন শারমিন চৌধুরীকে। পরে আদালতে তোলা হলে জামিন নামঞ্জুর করে তাঁকে কারাগারে পাঠানোর নির্দেশ দেয় ঢাকার চিফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালত।

## ইরানের মাটিতে অভিযান চালিয়ে নিখোঁজ সেনাকে উদ্ধার আমেরিকার



৫ এপ্রিল: ইরানের মাটিতে অভিযান চালিয়ে এফ-১৫ যুদ্ধবিমানের নিখোঁজ সেনা অফিসারকে উদ্ধার করল আমেরিকা। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিজেই এই ঘোষণা করেন। উল্লেখ্য, তিনদিন আগেই আমেরিকার দু'টি সামরিক বিমানকে গুলি করে নামাতে সফল হয় ইরান। হরমুজ প্রণালীর উপরে আক্রান্ত হওয়া এ-১০ বিমানের চালককে আগেই উদ্ধার করা হয়েছিল। বোয়ার আহমাদ প্রদেশের আকাশে আক্রান্ত অন্য এফ-১৫ বিমানে দু'জন ছিলেন। একজন, চালক এবং দ্বিতীয়জন ছিলেন অস্ত্র চালনার দায়িত্বে। চালককে ২৪ ঘণ্টার মধ্যেই আহত অবস্থায় উদ্ধার করা হলেও দ্বিতীয় জন ইরানের মূল ভূখণ্ডে নিখোঁজ হয়ে যান। তারপরই শুরু হয় উদ্ধার অভিযান।

**৮ এপ্রিল** মালদহের চারবারের কংগ্রেস সাংসদ, দু-বারের বিধায়ক আবু হাসেম খান চৌধুরী ওরফে ডালু (৮৯) প্রয়াত হলেন। তিনি ছিলেন প্রাক্তন রেলমন্ত্রী ও কংগ্রেস নেতা গনি খান চৌধুরীর ছোট ভাই। বার্ধক্যজনিত অসুস্থতার কারণে গত তিনবছর আড়ালে থাকলেও ২০২৪ সাল পর্যন্ত সক্রিয়ভাবে রাজনীতিতে ছিলেন। সেই বছর পর্যন্ত কংগ্রেসের জেলা সভপতিও ছিলেন তিনি। কংগ্রেস সাংসদ থাকাকালীন একবার স্বাস্থ্য প্রতিমন্ত্রীও হয়েছিলেন।

## যোগ্য-অযোগ্যের তালিকা প্রকাশ, বাদ ৯১ লক্ষ



৭ এপ্রিল: এসআইআরে বিচারকদের বিবেচনার পরে ৬০ লক্ষ বিবেচনাধীন ভোটারের মধ্যে ২৭ লক্ষেরও বেশি মানুষের নাম বাদ গেল। শতাংশের হিসেবে যা ৪৫.২২%। যোগ্য বলে বিবেচিত হয়েছেন ৩২ লক্ষ ৬৮ হাজার। সব মিলিয়ে গত লোকসভা নির্বাচনের তুলনায় বাদ পড়া ভোটারের সংখ্যা এখন হল প্রায় ৯১ লক্ষ। উল্লেখ্য, চলতি এসআইআরের শুরুতে রাজ্যে মোট ভোটার ছিলেন প্রায় ৭.৬৬ কোটি। প্রাথমিক পর্বের পরে খসড়া তালিকাতেই বাদ পড়েছিলেন ৫৮ লক্ষ ২০ হাজার ৮৯৯ জন। তাঁরা প্রধানত অনুপস্থিত, ঠিকানা বদল, মৃত এবং 'ডুপ্লিকেট' ভোটার বলে চিহ্নিত। চূড়ান্ত তালিকা প্রকাশের পরে মোট বাদের সংখ্যা দাঁড়ায় ৬৩ লক্ষ। তখনও ৬০.০৬ লক্ষ নাম ছিল বিবেচনাধীন। এদিন বিচারকদের কাজ শেষ হওয়ার পর মোট বাদ পড়া ভোটারের সংখ্যা দাঁড়াল ৯০ লক্ষ ৮৩ হাজার ৩৪৫। বৈধ ভোটার হিসেবে রইল ৬.৭৫ কোটি ভোটারের নাম।

জলে-জমিতে কর্মক্ষেত্র

# পাট চাষে রোগ-পোকার সমস্যা ও তার প্রতিকার



**পাট পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান বাণিজ্যিক ফসল। এ রাজ্যে প্রচুর পরিমাণে পাটের উৎপাদন হয়। তবে যে-সময়ে এ রাজ্যে পাট চাষ করা হয়, জলবায়ুগত বৈশিষ্ট্যের কারণে সেই সময়ই গাছে রোগ ও পোকার আক্রমণ হয় সবচেয়ে বেশি। এমন অবস্থায় কৃষকেরা কী সতর্কতা নেবেন, রোগ-পোকার আক্রমণ কী ভাবে ঠেকাবেন, তা-ই জানাচ্ছেন পশ্চিমবঙ্গ সরকারের অবসরপ্রাপ্ত যুগ্ম কৃষিঅধিকর্তা সৌমেন্দ্রনাথ দাস।**



পশ্চিমবঙ্গের অন্যতম প্রধান অর্থকারী ফসল পাট। এটি মূলত তন্তুজাতীয় ফসল। এর ব্যবহার-উপযোগী অংশটি হল ফাইবার বা আঁশ। আঁশ উৎপন্ন হয় গাছের কাণ্ডের একাবারে বাইরে থাকা ছালের মধ্যে। ভারতের অন্যতম প্রধান পাট উৎপাদনকারী রাজ্য পশ্চিমবঙ্গ। এই রাজ্যে পাট চাষের জমির পরিমাণ পাঁচ লক্ষ হেক্টর। প্রধান পাট উৎপাদক জেলা— কোচবিহার, মালদা, মুর্শিদাবাদ, নদিয়া, হাওড়া, হুগলি এবং উত্তর ২৪ পরগনা। মূলত গাঙ্গেয় সমতলভূমি পাট চাষের উপযুক্ত জায়গা। মার্চ এবং এপ্রিল মাস বীজ বোনার উপযুক্ত সময়। রাজ্যের সিংহভাগ পাট চাষের জমি মিঠা পাটের আওতাভুক্ত। পাট সাধারণত দু' প্রকার, তিতা ও মিঠা।

পাটচাষিদের প্রতি বছর চাষের সময় বেশ কিছু সমস্যার সম্মুখীন হতে হয়। সমস্যা শুরু হয় বীজ বোনার সময় জলাভাব দিয়ে। বীজ বোনার সময় দু'-এক পশলা বৃষ্টি হলে বীজ বোনার কাজটি অনেকটাই সহজ হয়ে যায়। সেচসেবিত এলাকায় বৃষ্টি না হলে সেচের জলই ভরসা।

এ ছাড়াও পাট চাষে রোগ এবং পোকার আক্রমণজনিত সমস্যা হয়। পাটগাছের বৃদ্ধির সময় উষ্ণ ও আর্দ্র জলবায়ু থাকে। এমন আবহাওয়া রোগ আর পোকার আক্রমণের জন্য অনুকূল।

## কী-কী রোগ

**কাণ্ড পচা:** মূলত ছত্রাকঘটিত রোগ। চারা অবস্থা থেকে পরিণত গাছেদের এই রোগ হতে পারে। এই ক্ষেত্রে বাড়ন্ত গাছের পাতার উপরিভাগে, এমনকী ডাঁটিতেও কালো দাগ দেখতে পাওয়া যায়। কাণ্ডের উপরিভাগে থাকা ছাল ফেটে আঁশগুলি বের হতে দেখা যায়। পরবর্তী সময় গাছের পাতাগুলি ঝরে পড়ে, কাণ্ড পচে যায় এবং আক্রান্ত গাছ মারাও যায়। পাটগাছের ফল এবং বীজগুলিও আক্রমণের হাত থেকে রেহাই পায় না। এমন মারণ রোগের আক্রমণ থেকে পাটগাছকে রক্ষা করতে হলে—

❖ বীজ শোধন করতে হবে

❖ জমি থেকে দ্রুত জলনিকাশের ব্যবস্থা রাখতে হবে

❖ দেখা গেছে অম্ল মাটিতে এই রোগের প্রকোপ বেশি হয়, তাই জমিতে চুন প্রয়োগ করে মাটির অম্লত্ব কমাতে হবে

❖ আক্রান্ত গাছে কপার অক্সি-ক্লোরাইড (প্রতি লিটার জলে ৪ গ্রাম হিসেবে মিশিয়ে) দ্রবণ স্প্রে করে এই রোগ ঠেকানো যাবে।

**ঝিমিয়ে পড়া:** এই রোগটি মূলত মাটিবাহিত ছত্রাকের আক্রমণে শুরু হয়। গাছের শিকড়গুলি প্রথমে আক্রান্ত হয়। গাছের পাতাগুলি ঝরে পড়ে। মিঠা পাটের গাছগুলিতে ঠিক ফুল আসার আগেই রোগটির উপদ্রব হয় সবথেকে বেশি। মাটি এবং বীজের মাধ্যমেই এই রোগ ছড়িয়ে পড়ে। এই রোগের আক্রমণ ঠেকাতে গেলে—

❖ জমিতে পড়ে থাকা আবর্জনা তুলে পুড়িয়ে ফেলতে হবে

❖ আক্রমণের শুরুতে গাছে ডাইথেন এম-৪৫ প্রতি লিটার জলে ২.৫ গ্রাম হিসেবে মিশিয়ে স্প্রে করতে হবে

❖ গাছের গোড়ায় জমে থাকা জল দ্রুত নিকাশের ব্যবস্থা করতে হবে

## পোকার আক্রমণ

**বিছাপোকা:** এই পোকার কীড়াগুলি দলবদ্ধ অবস্থায় পাতার নীচের দিকের সবুজ অংশ খেয়ে ফেলে পাতাগুলিকে পাতলা জালের মতো করে দেয়। কীড়াগুলি বড় হওয়ার সঙ্গে সঙ্গে জমিতে ছড়িয়ে পড়ে এবং পাতাগুলি খেতে শুরু করে।

❖ আক্রমণের শুরুতেই পাতাসমেত কীড়াগুলি সংগ্রহ করে মেরে ফেলতে হবে

❖ আক্রমণের তীব্রতা বেশি হলে ডায়াজিনন ৬০ ইসি অথবা সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক রিপর্কড ১০ ইসি প্রতি লিটার জলে ০.৫ মিলি হিসেবে মিশিয়ে জমিতে স্প্রে করতে হবে

**ঘোড়া পোকা:** পাটগাছের মারাত্মক ক্ষতি করে এই পোকা। জুন-জুলাই মাসে এটির আক্রমণ বাড়ে। গাছের ডগার দিকে থাকা কচি পাতাগুলি এরা খেয়ে ফেলে। এর ফলে গাছের বর্ধনশীল ডগাগুলি নষ্ট হয়ে যায় এবং পাশ থেকে শাখা-প্রশাখা উৎপন্ন হয়। এই পোকার আক্রমণ রুখতে—

❖ কেরোসিনে ভেজানো দড়ি গাছের উপর দিয়ে টেনে দিতে হবে

❖ জমিতে পাখি বসার জন্য ডালপালা পুঁতে রাখতে হবে। তাহলে পাখিরা পোকা খেয়ে ফেলবে। পোকার সংখ্যাও দ্রুত কমে যাবে

❖ আক্রমণ বেশি হলে ডায়াজিনন ৬০ এসি অথবা রিপর্কড ১০ ইসি প্রতি লিটার জলে ০.৫ মিলি হিসেবে মিশিয়ে আক্রান্ত গাছগুলিতে স্প্রে করতে হবে

**হলুদ মাকড়:** এই পোকাগুলি গাছের ডগার দিকে থাকা পাতার রস চুষে খায়। এর ফলে আক্রান্ত পাতাগুলি কুঁকড়ে যায় এবং তামাটে রং ধারণ করে। আক্রমণ বেশি হলে গাছের পাতা ঝরে পড়ে, গাছের ডগা নষ্ট হয়ে গাছের বৃদ্ধি ব্যাহত হয় এবং শাখা-প্রশাখা উৎপন্ন হয়।

পোকার আক্রমণ অধিক হলেই ফেনাজাকুইন ১০ ইসি প্রতি লিটার জলে ২ মিলি অথবা সালফার ৮০ ডব্লুপি প্রতি লিটার জলে ২ গ্রাম হিসেবে মিশিয়ে আক্রান্ত গাছে স্প্রে করতে হবে।

হঠাৎ করে প্রচুর বৃষ্টি হলে আপনা থেকেই পোকার আক্রমণ কমে যায়।

OmDayal Group | DELHI PUBLIC SCHOOL RUBY PARK, KOLKATA | DELHI PUBLIC SCHOOL DURGAPUR | OmDayal Group of Institutions | VMC

Professionally managed and rapidly growing education group in West Bengal with 11000+ STUDENTS & 500+ EXPERT FACULTY members across 3 campuses in Kolkata, Durgapur & Uluberia.

WE ARE LOOKING FOR LEADERS WHO DON'T JUST MANAGE INSTITUTIONS, BUT BUILD THEM.

HIRING FOR ROLES IN

OMDAYAL GROUP OF INSTITUTIONS, ULUBERIA
- DIRECTOR
- TRAINING & PLACEMENT HEAD
- PRINCIPAL (COLLEGE OF ARCHITECTURE)

DELHI PUBLIC SCHOOL, DURGAPUR
- VICE PRINCIPAL
- ADMINISTRATIVE HEAD

Only candidates with proven institutional leadership and measurable results need apply.

WHO SHOULD APPLY
- ✔ Minimum 10-15 years of leadership experience
- ✔ Strong academic pedigree with a consistent record of excellence
- ✔ Experience managing large institutions (2000+ students)
- ✔ Deep industry connect (mandatory for OmDayal roles)

KEY EXPECTATIONS
- ✔ Target-oriented, performance-driven roles
- ✔ Ability to deliver under pressure with consistent outcomes
- ✔ Clear focus on measurable impact
- ✔ Strong ownership mindset and long-term commitment to institutional growth

COMPENSATION

Salary as per industry standards with no bar for candidates with proven results. Performance-linked incentives and leadership bonuses.

APPLY NOW | LAST DATE : 15TH MAY, 2026 | hr@omdayalgroup.com

Send your CV along with a cover letter to HR (Please mention the position applied for)

DELHI PUBLIC SCHOOL, RUBY PARK, KOLKATA | DELHI PUBLIC SCHOOL, DURGAPUR | OM DAYAL GROUP OF INSTITUTIONS, ULUBERIA

Azim Premji University

Two programmes
- MA in Development
- MA in Applied Economics

Endless possibilities

Azim Premji University, Ranchi

At Azim Premji University, learning is about more than just a degree; it's about finding new possibilities for personal and professional growth. Guided by expert faculty, and enriched in our vibrant, inclusive new Ranchi campus.

Apply by 7 May 2026. The entrance test will be held online.

APPLY NOW

Campuses: Bengaluru | Bhopal | Ranchi

Programmes: Undergraduate | Postgraduate | Diplomas & Certificates

সাঁতরা পাবলিকেশন প্রা.লি.

santra JENPAS ENTRANCE PRACTICE | santra JENPAS এনট্রান্স প্র্যাকটিস All in 1

JENPAS পরীক্ষা?

সাঁতরা JENPAS এনট্রান্স প্র্যাকটিসের সাথে লক্ষ্য হোক পারফেক্ট প্রস্তুতি!

NEW QUESTION PATTERN 2026

| | |
|---|---|
| জীববিদ্যা | 25 নম্বর |
| পদার্থবিদ্যা | 25 নম্বর |
| রসায়ন | 25 নম্বর |
| বেসিক ইংরেজি | 20 নম্বর |
| হেলথ অ্যাপটিটিউড | 20 নম্বর |

অনলাইনে কিনতে স্ক্যান করুন

▸ সম্পূর্ণ নতুন সিলেবাস-2026। ▸ সমাধানসহ 100টির বেশি অনুশীলন সেট। ▸ প্রতিটি বিভাগের নির্বাচিত গুরুত্বপূর্ণ প্রশ্নগুলির জন্য Hints ও Solution।

www.santrapub.com | নিকটবর্তী বইয়ের দোকানে পাওয়া যাচ্ছে

## চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

# ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

**Direction (1 and 5):** *Choose the set of words for each blank which best fits the meaning of the sentence as a whole.*

1. The students ____ not reach on time ____ of the transport strike.
(a) can, as (b) may, account (c) could, because (d) should, for
2. They were ____ to vacate that house as ___ as possible.
(a) ordered, easy (b) told, later (c) found, fast (d) asked, soon
3. The teacher ___ the concept by ___ practical examples.
(a) explained, quoting (b) gave, speaking (c) showed, telling (d) found, looking
4. The manager told us ___ Ramesh was very anxious ___ the meeting.
(a) like, during (b) the, for (c) that, before (d) about, in
5. She did not tell ___ that she ____ attended the party.
(a) no one, has (b) anyone, had (c) her, can (d) someone, have

**Direction (6 to 10):** *Which of the phrases (a), (b), (c) and (d) given below should replace the phrase given in underlined in the following sentence to make the sentence grammatically meaningful.*

6. They are yet to decided about buying the new furniture.
(a) still decide (b) yet to decision (c) yet to decide (d) still decided
7. Shyam's mother was feed up of his laziness.
(a) fed up with (b) fed up in (c) feeds up of (d) fed off
8. She was just looking outside the window when a beautiful bird caught the eye.
(a) catch the eye (b) caught her eye (c) eye catching (d) catch her eyes
9. They sent out the invitations las evening.
(a) sent at (b) send out (c) sending out (d) sending in
10. He had to bear the brunt of his father's mistakes.
(a) bear and burn (b) bear a brunt (c) bear the burnt (d) bear the burns

**Direction (11 to 15):** *Choose the word opposite in meaning to the given word.*

11. Silence
(a) Peace (b) Disturbing (c) Calm (d) Noise
12. Grim
(a) Dark (b) Pleasant (c) Presentable (d) Dim
13. Immune
(a) Weak (b) Powerful (c) Vulnerable (d) Free
14. Eternal
(a) Usual (b) Active (c) Realistic (d) Temporary
15. Comedy
(a) Clergy (b) Limerick (c) Trilogy (d) Tragedy

**Direction (16 to 20):** *Choose the one which best expresses the meaning of the given word.*

16. Candid
(a) Frank (b) Able (c) Fearless (d) Quiet
17. Grandeur
(a) Happiness (b) Magnificence (c) Admiration (d) Realistic
18. Bliss
(a) Fantasy (b) Happiness (c) Grief (d) Laughter
19. Inception
(a) Origin (b) Initiative (c) Beginning (d) Initial
20. Colossal
(a) Vigorous (b) Enormous (c) Famous (d) Energetic

**Direction (21 to 25):** *Choose the one which can be substituted for the given word/sentence.*

21. One who cannot die.
(a) Perpetual (b) Stable (c) Immortal (d) Timeless
22. Soldiers who fight on horseback.
(a) Infantry (b) Artillery (c) Cavalry (d) Armoured
23. A child of unusual or remarkable talent.
(a) Fraud (b) Marvel (c) Active (d) Prodigy
24. A person without manners or polish.
(a) Naive (b) Rustic (c) Barbarian (d) Civilized
25. A man who doesn't know how to read or write.
(a) Ignorant (b) Illiterate (c) Uneducated (d) Ignorant
26. মুঘল আমলে কোন শহরের নাম ছিল 'জাহাঙ্গিরাবাদ'?
(a) বসিরহাট (b) ঢাকা (c) কটক (d) আগ্রা
27. শীতপ্রধান দেশে জলের হিমাঙ্ক কমানোর জন্য মেশানো হয়:
(a) ইথার (b) লবণ (c) গ্লিসারল (d) সোডিয়াম সালফেট
28. ভারতের নব্য হিন্দুধর্মের শ্রেষ্ঠ প্রতিনিধি কে ছিলেন?
(a) রামমোহন রায় (b) সুভাষচন্দ্র বসু (c) রামকৃষ্ণ পরমহংস (d) স্বামী বিবেকানন্দ
29. 'পাসকাল' কোন রাশির একক?
(a) চাপ (b) তাপ (c) কার্য (d) বল
30. অক্সিজেনের স্বাদ হল:
(a) নোনতা (b) স্বাদহীন (c) টক (d) মিষ্টি
31. সমস্ত জৈবিক উপাদানেই নিম্নলিখিত কোন মৌলটি থাকে?
(a) কার্বন (b) লৌহ (c) সালফার (d) নাইট্রোজেন
32. জেলা সভাধিপতির পদমর্যাদা কার সমকক্ষ?
(a) প্রধানমন্ত্রী (b) মুখ্যমন্ত্রী (c) রাজ্যের রাষ্ট্রমন্ত্রী (d) রাজ্যপাল
33. সম্প্রতি 'বিষ্ণু শ্রীধর ওয়াকাঙ্কার টাইগার রিজার্ভ' কোন ব্যাঘ্র প্রকল্পের নাম পরিবর্তন করে রাখা হল?
(a) রাতাপানি (b) বন্দিপুর (c) বাল্মিকী (d) সাতপুরা
34. প্রাচীন বাংলায় প্রথম সার্বভৌম সম্রাট কে?
(a) রাজ্যবর্ধন (b) গোপাল (c) শশাঙ্ক (d) ধর্মপাল
35. জুনাগড় লিপির সঙ্গে কোন ভারতীয় রাজার নাম যুক্ত?
(a) অশোক (b) রুদ্রদমন (c) স্কন্দগুপ্ত (d) সাতকর্নী
36. ভোটারের নাম নথিবদ্ধকরণ কে করে থাকে?
(a) রাজ্য সরকার (b) নির্বাচন কমিশন (c) কেন্দ্র সরকার (d) অর্থ কমিশন
37. সিন্ধু সভ্যতার দু'টি গুরুত্বপূর্ণ খাদ্যশস্য হল:
(a) ধান ও গম (b) গম ও বার্লি (c) ধান ও বার্লি (d) ডাল ও ভুট্টা
38. সংস্কৃত মতে সর্বরোগহর বৃক্ষ কোনটি?
(a) বট (b) তুলসী (c) নারিকেল (d) নিম
39. ছোটনাগপুর মালভূমির সর্বোচ্চ শৃঙ্গ কোনটি?
(a) পরেশ নাথ (b) দোদাবেতা (c) গোরগাবুরু (d) গডউইন অস্টিন
40. কনিষ্ক ধর্মান্তরিত হয়ে যে ধর্মগ্রহণ করেন সেটি হল:
(a) জৈনধর্ম (b) বৌদ্ধধর্ম (c) হিন্দুধর্ম (d) খ্রিস্টধর্ম
41. 'উকাই প্রকল্প' কোন রাজ্যে অবস্থিত?
(a) ওড়িশা (b) আসাম (c) গুজরাট (d) পশ্চিমবঙ্গ
42. কোন প্রক্রিয়ায় গান্ধীজি ইংরেজদের ভারত ছাড়ার কথা বলেছিলেন?
(a) হরিজন (b) সালিশীসভা (c) কমরেড (d) ইয়ং ইন্ডিয়া
43. অ্যাসিড উৎপাদক গ্যাস কোনটি?
(a) $H_2$ (b) $O_2$ (c) $N_2$ (d) $Cl_2$
44. পলিথিন উৎপন্ন হয় কী থেকে?
(a) ইথাইন (b) ইথিন (c) ইথেন (d) ব্রোমিন
45. 'রসায়নের রাজা' কাকে বলা হয়?
(a) গাঢ় নাইট্রিক অ্যাসিড (b) ফর্মিক অ্যাসিড (c) গাঢ় সালফিউরিক অ্যাসিড (d) অ্যাসিটিক অ্যাসিড
46. আলিপুর বোমা মামলার সঙ্গে কার নাম জড়িত?
(a) বটুকেশ্বর দত্ত (b) অরবিন্দ ঘোষ (c) সূর্য সেন (d) বাঘাযতীন
47. বিশুদ্ধ জলের $P_H$ মাত্রা কত?
(a) 6 (b) 6.5 (c) 7 (d) 7.5
48. IRDP প্রকল্প কোন পঞ্চবার্ষিকী পরিকল্পনায় প্রবর্তিত হয়?
(a) ষষ্ঠ (b) চতুর্থ (c) দ্বিতীয় (d) প্রথম
49. মুদ্রাস্ফীতি হলে কোন শ্রেণীর সুবিধা হয়?
(a) ঋণ প্রদানকারী (b) ঋণ গ্রহণকারী (c) সঞ্চয়কারী (d) পেনশনভোগী
50. অম্লবৃষ্টি সৃষ্টিকারী গ্যাস কোনটি?
(a) $SO_2$ (b) $CO_2$ (c) CO (d) $NH_3$
51. কোনটি শর্করা নয়?
(a) চিনি (b) গ্লুকোজ (c) ফ্রুকটোজ (d) আটা
52. ডায়াবেটিস রোগী কোন ফল খেতে পারে?
(a) আম (b) কমলালেবু (c) কলা (d) পেয়ারা
53. ভারতের কোন সম্রাটকে 'জিন্দাপীর' বলা হত?
(a) আকবর (b) শাহজাহান (c) ঔরঙ্গজেব (d) বাবর
54. 'কচ্ছের রণ' কোথায় অবস্থিত?
(a) গুজরাট (b) কেরালা (c) কর্নাটক (d) তামিলনাড়ু
55. ভারতে সিভিল সার্ভিস চালু হয় কোন বড়লাট-এর আমলে?
(a) লর্ড কর্নওয়ালিশ (b) লর্ড কার্জন (c) লর্ড ডাফরিন (d) লর্ড ক্যানিং
56. তামাক গাছের পাতার রেচনজাত পদার্থের নাম কী?
(a) মরফিন (b) নিকোটিন (c) রেসারপিন (d) ডাটুরিন
57. মশলার রানী কোন মশলাকে বলা হয়?
(a) ধনে (b) লঙ্কা (c) এলাচ (d) জিরা
58. কোন রাজ্যে সর্বপ্রথম পঞ্চায়েতিরাজ ব্যবস্থার প্রবর্তন হয়েছিল?
(a) গুজরাট (b) পশ্চিমবঙ্গ (c) রাজস্থান (d) মহারাষ্ট্র
59. পশ্চিমবঙ্গের প্রথম মুখ্যমন্ত্রীর নাম কী?
(a) প্রফুল্ল ঘোষ (b) বিধানচন্দ্র রায় (c) প্রফুল্ল সেন (d) জ্যোতি বসু

এরপর নয়ের পাতায়

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

1. 'সায়ানোকোবালামিন' যে ভিটামিনের রাসায়নিক নাম:
(a) $B_1$ (b) $B_5$ (c) $B_{12}$ (d) $B_6$
2. হিমোসায়ানিন নামক শ্বাসরঞ্জক থাকে এমন প্রাণীটি হল:
(a) কেঁচো (b) জোঁক (c) কাঁকড়া (d) টিকটিকি
3. মেরুদণ্ডী প্রাণীদের বৃক্কের উপর অবস্থান করে:
(a) অ্যাসিনাস গ্রন্থি (b) অ্যাড্রিনাল গ্রন্থি (c) বারথোলিন গ্রন্থি (d) সেরুমিনাস গ্রন্থি
4. লিম্ফোসাইট, বেসোফিল দেখা যায়:
(a) লোহিত রক্তকণিকাতে (b) শ্বেত রক্তকণিকাতে (c) অনুচক্রিকাতে (d) রক্তরসে
5. নীচের কোন প্রাণীটি সংকোচী গহ্বরের মাধ্যমে শ্বাসকার্য চালায়?
(a) স্পঞ্জ (b) হাইড্রা (c) অ্যামিবা (d) জোঁক
6. ইনকাস, স্টেপিস নামক ক্ষুদ্র অস্থি অবস্থিত:
(a) অন্তঃকর্ণে (b) মধ্যকর্ণে (c) বহিঃকর্ণে (d) কর্ণকুহরের শেষপ্রান্তে
7. পায়োরিয়া:
(a) দাঁতের রোগ (b) কানের রোগ (c) গলার রোগ (d) মাথার রোগ
8. কোনটি 'জ্বালানি খাদ্য নামে পরিচিত?
(a) কার্বহাইড্রেট (b) প্রোটিন (c) ফ্যাট (d) ভিটামিন
9. 'ডায়াফ্রাম' হল:
(a) নিতম্বের পেশি (b) বুকের পেশি (c) পেটের পেশি (d) কাঁধের পেশি
10. 'থোরাক্স' হল:
(a) বুকের অস্থি (b) হিপ বোন (c) নেক বোন (d) ব্যাক বোন
11. কার্বন, হাইড্রোজেন ছাড়া কার্বোহাইড্রেট জাতীয় খাদ্যে অন্য যে উপাদানটি আছে:
(a) নাইট্রোজেন (b) অক্সিজেন (c) ফসফেট (d) ক্লোরাইড
12. উইলিয়াম হার্ভে নামটি কীসের সঙ্গে যুক্ত?
(a) রক্ততঞ্চন (b) রক্তসংবহন (c) কোষ বিভাজন (d) বংশগতি
13. 'গসিপিয়াম আরবোরিয়াম' যে নামে পরিচিত:
(a) ধান (b) কার্পাস (c) পাট (d) গম
14. মিউটেশন তত্ত্বটি কার?
(a) ভাইসম্যান (b) বেজ্ঞার (c) ভ্রিস (d) গ্যালটন
15. HIV ভাইরাসের ফলে হয়:
(a) এইডস (b) ইনফ্লুয়েঞ্জা (c) গুটিবসন্ত (d) জলবসন্ত
16. DPT ভ্যাকসিন দেওয়া হয় যে রোগে:
(a) ডিপথেরিয়া (b) কলেরা (c) টাইফয়েড (d) পোলিও
17. 'Hepatologist' হলেন:
(a) ফুসফুস বিশেষজ্ঞ (b) অগ্ন্যাশয় বিশেষজ্ঞ (c) যকৃৎ বিশেষজ্ঞ (d) মস্তিষ্ক বিশেষজ্ঞ
18. নীচের কোনটি লালারসে থাকে?
(a) পেপসিন (b) রেনিন (c) ট্রিপসিন (d) টায়ালিন
19. নীচের কোনটির অভাবে স্নায়বিক বিশৃঙ্খলা সৃষ্টি হয়?
(a) ক্যালসিয়াম (b) পটাশিয়াম (c) ম্যাগনেসিয়াম (d) লৌহ
20. কোষের পাওয়ার হাউস কোনটি?
(a) মাইটোকন্ড্রিয়া (b) সেন্ট্রোজোম (c) নিউক্লিয়াস (d) গলগি বডি
21. নীচের কোনটি 'ডেভিল মাছ' নামে পরিচিত?
(a) তারামাছ (b) অক্টোপাস (c) সি হর্স (d) সি আর্চিন
22. মানবদেহে সর্বাধিক পরিমাণে যে মৌলটি থাকে তার নাম হল:
(a) অক্সিজেন (b) কার্বন ডাই-অক্সাইড (c) সোডিয়াম (d) পটাশিয়াম
23. 'ব্যাক্টিরিওফাজ' হল এক ধরনের:
(a) ব্যাক্টেরিয়া (b) ভাইরাস (c) ছত্রাক (d) প্রোটোজোয়া
24. সোয়াইন ফ্লু-এর ভাইরাসের নাম কী?
(a) $H_1N_1$ (b) $H_2N_2$ (c) $H_3N_1$ (d) $H_3N_3$
25. ত্বকে উৎপন্ন ভিটামিনের নাম:
(a) টোকোফেরল (b) ক্যালসিফেরল (c) রেটিনল (d) অ্যাসকরবিক অ্যাসিড
26. 'সকলোত্তরপথনাথ' উপাধিটি কার?
(a) শশাঙ্ক (b) হর্ষবর্ধন (c) রামপাল (d) লক্ষ্মণ সেন
27. ক্ষমতাবলে রাজ্যসভার সভাপতি হলেন:
(a) রাষ্ট্রপতি (b) উপরাষ্ট্রপতি (c) প্রধানমন্ত্রী (d) স্বরাষ্ট্রমন্ত্রী
28. মাসাই উপজাতিরা বাস করে:
(a) ইউরোপে (b) এশিয়ায় (c) আফ্রিকায় (d) উত্তর আমেরিকায়
29. চিন্নাস্বামী স্টেডিয়ামটি অবস্থিত:
(a) চেন্নাইতে (b) মুম্বাইতে (c) দিল্লিতে (d) বেঙ্গালুরুতে
30. 'ডিম ভর্তি ঝুড়ি' সদৃশ ভূমিরূপ বলা হয়:
(a) রসে মতানেকে (b) ড্রামলিনকে (c) ক্র্যাগ অ্যান্ড টেলকে (d) হিমাদ্রোনীকে
31. ভারতের ডাল গবেষণাগার অবস্থিত:
(a) ভূপালে (b) লখনউতে (c) কানপুরে (d) যোধপুরে
32. গরবা কোন রাজ্যের লোকনৃত্য?
(a) তামিলনাড়ু (b) অন্ধ্রপ্রদেশ (c) গুজরাট (d) কেরালা
33. প্রাচীন বাংলার বৃহত্তম অঞ্চল হল:
(a) বঙ্গ (b) বরেন্দ্রভূমি (c) রাঢ়ভূমি (d) পুণ্ড্রবর্ধন
34. অলিম্পিকের হলুদ রং কোন মহাদেশের প্রতীক?
(a) এশিয়া (b) আফ্রিকা (c) ইউরোপ (d) উত্তর আমেরিকা
35. অ্যাসেজ সিরিজ হয় কোন দেশের মধ্যে?

এরপর নয়ের পাতায়

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি

### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

60. কেন্দ্র ও রাজ্যের মধ্যে অর্থের বন্টন ঠিক করেন:
(a) লোকসভা (b) রাজ্যসভা (c) অর্থ কমিশন (d) রাষ্ট্রপতি
61. 'ক্রিপস মিশন' কত সালে ভারতে আসে?
(a) 1939 (b) 1940 (c) 1941 (d) 1942
62. একমাত্র বড়লাট যিনি ভারতে নিহত হয়েছিলেন:
(a) লর্ড মিন্টো (b) লর্ড মেয়ো (c) লর্ড ওয়েভেল (d) লর্ড চেমসফোর্ড
63. পিন্ডারী দস্যুদের কে দমন করেছিলেন?
(a) লর্ড রিপন (b) লর্ড রিডিং (c) লর্ড হেস্টিংস (d) রবার্ট ক্লাইভ
64. উত্তর ভারতের শেষ হিন্দু রাজা কে ছিলেন?
(a) কৃষ্ণদেব রায় (b) চন্দ্রগুপ্ত (c) সমুদ্রগুপ্ত (d) হর্ষবর্ধন
65. সার্ক-এর স্থায়ী সেক্রেটারিয়েট কোথায় অবস্থিত?
(a) কলম্বো (b) ঢাকা (c) কাঠমান্ডু (d) কলকাতা
66. শুষ্ক বরফ কাকে বলা হয়?
(a) ম্যাঙ্গানীজ (b) কঠিন কার্বন-ডাই-অক্সাইড (c) অ্যামোনিয়া (d) পারদ
67. 'হাবসী' কোন দেশের লোকেদের বলা হয় ?
(a) রাশিয়া (b) ইথিওপিয়া (c) সুইডেন (d) নেদারল্যান্ড
68. ভারতের প্রথম রকেট উৎক্ষেপণ কেন্দ্র কোথায় স্থাপিত হয়?
(a) থুম্বা (b) মহাবালেশ্বর (c) শ্রীহরিকোটা (d) তারাপুর
69. কোন ভারতীয় রাজ্যে 'বিরূপাক্ষ মন্দির' অবস্থিত?
(a) তামিলনাড়ু (b) কেরালা (c) ওড়িশা (d) কর্নাটক
70. কোন বছর মুসলিম লীগ তৈরি হয়েছিল?
(a) 1905 সালে (b) 1906 সালে (c) 1907 সালে (d) 1908 সালে
71. 'ফরেস্ট সার্ভে অফ ইন্ডিয়া' স্থাপিত হয়:
(a) 1981 সালে (b) 1980 সালে (c) 1979 সালে (d) 1978 সালে
72. IRDA-এর সদর দপ্তর কোথায়?
(a) চেন্নাই (b) হায়দ্রাবাদ (c) কলকাতা (d) পুণে
73. কোচবিহার শহরটি কোন নদীর তীরে অবস্থিত?
(a) তোর্সা (b) মহানন্দা (c) জলঢাকা (d) তিস্তা
74. হিমালয়ের কোন শৃঙ্গটি আসামে অবস্থিত?
(a) কারাকোরাম (b) নামচাবারওয়া (c) গোর্গাবুরু (d) মানস
75. কম্পিউটারের স্মৃতিশক্তি মাপবার একককে কী বলে?
(a) ওহ্ম (b) ভোল্ট (c) অ্যাম্পিয়ার (d) বিটস
76. Business Advisory' কমিটির চেয়ারম্যান হলেন:
(a) প্রধানমন্ত্রী (b) অর্থমন্ত্রী (c) রাজ্যের মুখ্যমন্ত্রী (d) লোকসভার স্পিকার
77. 'সাঁওতালী ভাষাকে' সংবিধানে স্বীকৃতি দেওয়া হয়:
(a) 91তম সংশোধনীতে (b) 92তম সংশোধনীতে (c) 72তম সংশোধনীতে (d) 71তম সংশোধনীতে
78. 'বমডিলা পাস' ভারতের কোন রাজ্যে অবস্থিত?
(a) ঝাড়খণ্ড (b) অরুণাচল প্রদেশ (c) মিজোরাম (d) মণিপুর
79. মানবদেহের সবচেয়ে ক্ষুদ্রতম গ্রন্থি কোনটি?
(a) প্লীহা (b) মস্তিষ্ক (c) লিভার (d) পিটুইটারি
80. কুটির শিল্পের প্রসারকরণ নীচের কোন ধারায় আছে?
(a) 42 নম্বর ধারায় (b) 43 নম্বর ধারায় (c) 44 নম্বর (d) 45 নম্বর
81. চিংড়ির গমন অঙ্গ কোনটি?
(a) ক্ষণপদ (b) সিটা (c) প্লিওপড (d) সবুজগ্রন্থি
82. বাদুড় একটি:
(a) স্তন্যপায়ী (b) পতঙ্গ (c) উভচর (d) সরীসৃপ
83. 'ডালহৌসি' শৈল শহর কোথায় অবস্থিত?
(a) অরুণাচল প্রদেশ (b) হিমাচল প্রদেশ (c) সিকিম (d) পশ্চিমবঙ্গ
84. 'চেঙ্গিজ খাঁর' মৃত্যু হয়:
(a) 1225 খ্রিস্টাব্দে (b) 1227 খ্রিস্টাব্দে (c) 1229 খ্রিস্টাব্দে (d) 1230 খ্রিস্টাব্দে
85. বাংলার কোন শাসক নেপালের পশুপতিনাথ মন্দির ধ্বংস করেন?
(a) নসরৎ শাহ (b) সিকান্দার শাহ (c) ইলিয়াস শাহ (d) তুঘলক শাহ
86. জাপানের পার্লামেন্ট কী নামে পরিচিত?
(a) খেজুর (b) ডেটস (c) কিমোনো (d) ন্যাশনাল ডায়েট
87. 'জয়দেব' রচিত বিখ্যাত গ্রন্থ কোনটি?
(a) গীতগোবিন্দ (b) ইন্ডিকা (c) কাদম্বরী (d) আইন-ই-আকবরী
88. মাধ্যাকর্ষণ সূত্র কে আবিষ্কার করেছিলেন?
(a) মেন্ডেল (b) জুল (c) নিউটন (d) মাইকেল ফ্যারাডে
89. বায়ুতে জলীয় বাষ্পের পরিমাণ মাপা হয় ——— দ্বারা।
(a) ব্যারোমিটার (b) হাইগ্রোমিটার (c) সোনোমিটার (d) হাইড্রোমিটার
90. 'বিশ্ব পরিবেশ দিবস' কোন তারিখে পালিত হয়?
(a) 6 জুন (b) 5 জুন (c) 4 জুন (d) 3 জুন
91. 'Google' কত সালে প্রতিষ্ঠা করা হয়েছিল?
(a) 1996 সালে (b) 1997 সালে (c) 1998 সালে (d) 1999 সালে
92. 'পঞ্চতন্ত্র' বইটির লেখক কে?
(a) বিষ্ণু শর্মা (b) রামমোহন রায় (c) বিশাখ দত্ত (d) বিবেকানন্দ
93. কত সালে বঙ্গভঙ্গ কার্যকর হয়েছিল?
(a) 1901 সালে (b) 1903 সালে (c) 1904 সালে (d) 1905 সালে
94. All India Trade Union Congress (AITUC) কত সালে গঠিত হয়েছিল?
(a) 1919 সালে (b) 1920 সালে (c) 1921 সালে (d) 1922 সালে
95. কৃত্রিম রেশমকে কী বলে?
(a) রেয়ন (b) নাইলন (c) ডেকরন (d) অক্সিন
96. সুলতান আজলান শাহ ট্রফি কোন খেলার সঙ্গে জড়িত?
(a) টেবিল টেনিস (b) হকি (c) ফুটবল (d) ক্রিকেট
97. কোন নদী তিব্বতে 'সাংপো' নামে পরিচিত?
(a) সিন্ধু (b) ব্রহ্মপুত্র (c) দামোদর (d) গোদাবরী
98. 'দ্বিতীয় পুলকেশী' কোন বংশের শাসক ছিলেন?
(a) শুঙ্গ (b) গুপ্ত (c) চালুক্য (d) চোল
99. 'ক্যালামাইন' কোন ধাতুর আকরিক?
(a) লোহা (b) অ্যালুমিনিয়াম (c) টিন (d) দস্তা
100. রিজার্ভ ব্যাঙ্কের সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) কলকাতা (b) মুম্বাই (c) দিল্লি (d) গুজরাট
101. ব্রতচারী সঙ্ঘ কে প্রতিষ্ঠা করেন?
(a) গুরুসদয় দত্ত (b) মহাত্মা গান্ধী (c) প্রমথ মিত্র (d) স্বামী বিবেকানন্দ
102. পিঁপড়ের হুলে কোন অ্যাসিড থাকে?
(a) অ্যাসিটিক অ্যাসিড (b) ফরমিক অ্যাসিড (c) সাইট্রিক অ্যাসিড (d) টারটারিক অ্যাসিড
103. 'বর্না বেলাক কাপ' কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) দাবা (b) হকি (c) টেবিল টেনিস (d) ফুটবল
104. নীচের কোন গাছটির বৃদ্ধি সব থেকে দ্রুত হয়?
(a) শাল (b) বট (c) সেগুন (d) ইউক্যালিপটাস
105. বিলায়েৎ খান কোন বাদ্যযন্ত্রের সঙ্গে যুক্ত?
(a) সরোদ (b) সেতার (c) সন্তুর (d) সানাই
106. সুলতানি যুগে প্রথম 'প্রকৃত রাজা' কে ছিলেন?
(a) আলাউদ্দিন খিলজি (b) ইলতুৎমিস (c) বলবন (d) ফিরোজ তুঘলক
107. ভৈরব রাগ কোন ঋতুর সঙ্গে যুক্ত?
(a) শীতকাল (b) শরৎকাল (c) বর্ষাকাল (d) বসন্তকাল
108. রাষ্ট্রপুঞ্জের 'বিশ্ব উদ্বাস্তু দিবস' কবে পালিত হয়?
(a) 18 জুন (b) 19 জুন (c) 20 জুন (d) 21 জুন
109. ক্যাথোড রশ্মির নামকরণ কে করেন?
(a) ফ্যারাডে (b) রন্টজেন (c) রাদারফোর্ড (d) গোল্ডস্টাইন
110. রাজ্যসভার সদস্য হওয়ার জন্য ন্যূনতম কত বয়স হওয়া প্রয়োজন?
(a) 25 বছর (b) 30 বছর (c) 35 বছর (d) 40 বছর
111. সম্প্রতি প্রয়াত স্বরাজ কৌশল পূর্বে কোন রাজ্যের রাজ্যপাল হিসেবে দায়িত্ব পালন করেছেন?
(a) মিজোরাম (b) সিকিম (c) গোয়া (d) নাগাল্যান্ড
112. 'বিশ্বমৃত্তিকা দিবস' কোন দিনটিতে প্রতি বছর পালিত হয়?
(a) 4 ডিসেম্বর (b) 5 ডিসেম্বর (c) 6 ডিসেম্বর (d) 7 ডিসেম্বর
113. মণিপুরের নুতন মুখ্যমন্ত্রী হিসেবে সদ্য কে নিযুক্ত হয়েছেন?
(a) এল দিখো (b) নেমচা কিপগেন (c) বীরেন্দ্র সিংহ (d) ইয়ুমনাম খেমচাঁদ সিংহ
114. সুলতান আজলান শাহ কাপ হকি প্রতিযোগিতা প্রতি বছর কোন দেশে আয়োজিত হয়?
(a) ভারত (b) পাকিস্তান (c) মালয়েশিয়া (d) শ্রীলঙ্কা
115. ভারতের প্রধান বিচারপতি হিসেবে সদ্য নিযুক্ত হয়েছেন সূর্যকান্ত শর্মা, তিনি ভারতের কততম প্রধান বিচারপতি?
(a) 51তম (b) 52তম (c) 53তম (d) 54তম
116. প্রথমবার রঞ্জি ট্রফি জিতে নিল সম্প্রতি কোন দল?
(a) তামিলনাড়ু (b) জম্মু-কাশ্মীর (c) কেরালা (d) ওড়িশা
117. 2025 সালে উইজডেন কর্তৃক বিশ্বের সেরা মহিলা ক্রিকেটার হিসাবে কাকে মনোনীত করা হয়েছে?
(a) কবিতা বেদী (b) স্মৃতি মান্ধানা (c) দীপ্তি শর্মা (d) মৌমিতা চর্তুবেদী
118. ডঃ বি আর আম্বেদকরকে শ্রদ্ধা জানাতে প্রতি বছর 14 এপ্রিল কোন দিবস হিসেবে পালন করা হয়?
(a) মুক্তি দিবস (b) সমতা দিবস (c) সমচেতনা দিবস (d) সংবিধান দিবস
119. সদ্য শেষ হওয়া পুরুষদের টি-20 ওয়ার্ল্ড কাপে তৃতীয়বার চ্যাম্পিয়ন হল কোন দেশ?
(a) কেনিয়া (b) জিম্বাবোয়ে (c) পাকিস্তান (d) ভারত
120. 25তম শীতকালীন অলিম্পিক গেমস কোন দেশে অনুষ্ঠিত হয়েছিল?
(a) ইতালি (b) নেদারল্যান্ডস (c) জার্মানি (d) ফ্রান্স
121. ভারতে সর্বপ্রথম হাইড্রোজেন চালিত ট্রেন চালু করল কোন রাজ্য?
(a) মধ্যপ্রদেশ (b) হরিয়ানা (c) কেরালা (d) মহারাষ্ট্র
122. পশ্চিমবঙ্গের নবনিযুক্ত রাজ্যপালের নাম কী?
(a) অজয় কুমার ভাল্লা (b) নির্মলা সীতারামন (c) রবীন্দ্র নারায়ণ রবি (d) সি ভি আনন্দ বোস
123. বিহারের মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণ করলেন কে?
(a) তেজস্বী যাদব (b) সম্রাট চৌধুরী (c) বীরেন্দ্র সিংহ (d) নীতিশ কুমার
124. বিরাট কোহলি সম্প্রতি রাঁচিতে তাঁর কততম ODI শতরান পেলেন?
(a) 50তম (b) 51তম (c) 52তম (d) 53তম
125. সম্প্রতি 'নাসা' চাঁদের কক্ষপথে কতজন মহাকাশচারীকে পাঠাল?
(a) 7 জন (b) 6 জন (c) 5 জন (d) 4 জন
126. সম্প্রতি 'এ আই' সামিট আয়োজন করল কোন দেশ?
(a) শ্রীলঙ্কা (b) জাপান (c) চিন (d) ভারত
127. 2026 সালকে স্টেট ব্যাঙ্ক অব ইন্ডিয়া কত বছরের বর্ষপূর্তি হিসেবে পালন করছে?
(a) 70 বছর (b) 69 বছর (c) 68 বছর (d) 67 বছর
128. সম্প্রতি মহিলা প্রিমিয়ার লিগ জিতে নিল কোন দল?

*এরপর দশের পাতায়*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'

### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*আটের পাতার পর*

(a) অস্ট্রেলিয়া — দক্ষিণ আফ্রিকা (b) অস্ট্রেলিয়া — ইংল্যান্ড (c) অস্ট্রেলিয়া — ভারত (d) অস্ট্রেলিয়া — নিউজিল্যান্ড
36. তৈগা বনভূমির প্রধান বৃক্ষ হল:
(a) পাইন (b) ফার (c) স্প্রুস (d) উইলো
37. শাহনামা বইটি লেখেন:
(a) উমাপতি (b) হলায়ুধ (c) শরণ (d) ফিরদৌসী
38. প্রাচীন ভারতে ভাগীরথী ও করোতোয়া নদীর মাঝের অঞ্চল যে নামে পরিচিত:
(a) বঙ্গ (b) রাঢ় (c) সুহ্ম (d) পুণ্ড্রবর্ধন
39. বিক্রমশীল মহাবিহার কার আমলে নির্মিত হয়েছিল?
(a) গোপাল (b) ধর্মপাল (c) দেবপাল (d) মহীপাল
40. ভারতের জাতীয় বননীতি প্রথম সংস্করণ গৃহীত হয়?
(a) 1950 সালে (b) 1951 সালে (c) 1952 সালে (d) 1953 সালে
41. মোহন যাদব বর্তমানে কোন রাজ্যের মুখ্যমন্ত্রী?
(a) মধ্যপ্রদেশ (b) উত্তরপ্রদেশ (c) হিমাচল প্রদেশ (d) কর্নাটক
42. 2025 মহিলা ক্রিকেট বিশ্বকাপের আয়োজক দেশদ্বয় হল:
(a) ভারত-শ্রীলঙ্কা (b) অস্ট্রেলিয়া-নিউজিল্যান্ড (c) ভারত-সৌদি আরব (d) অস্ট্রেলিয়া-ইংল্যান্ড
43. মারিয়া করিনা মাচাদো (2025) কোন ক্ষেত্রে নোবেল পেয়েছেন?
(a) অর্থনীতি (b) শান্তি (c) পদার্থবিদ্যা (d) সাহিত্য
44. —— দেশকে হারিয়ে ভারতের মেয়েরা এশিয়ান যুব গেমস কাবাডিতে সোনা জিতল।
(a) ইরাক (b) সৌদি আরব (c) ইরান (d) ওমান
45. 106 বছর বয়সে চলে গেলেন প্রবাদপ্রতিম ব্যক্তিত্ব মনি ছেত্রী। পেশায় তিনি ছিলেন:
(a) কর্নেল (b) মহাকাশ বিজ্ঞানী (c) শিক্ষক (d) ডাক্তার
46. 1 থেকে 400 পর্যন্ত জোড় সংখ্যাগুলির যোগফল কত?
(a) 160000 (b) 80200 (c) 40200 (d) কোনওটিই নয়
47. 2, 3, 5 দ্বারা গঠিত চার অঙ্কের সংখ্যাগুলির যোগফল কত?
(a) 2222 (b) 2220 (c) 5220 (d) 2350
48. 2, 3, 5, 7 দ্বারা গঠিত চার অঙ্কের সংখ্যাগুলির যোগফল কত?
(a) 1113322 (b) 316855 (c) 753200 (d) কোনওটিই নয়
49. দু'টি সংখ্যার অনুপাত 4 : 5 এবং তাদের গ.সা.গু 5, সংখ্যা দু'টির সমষ্টি কত?
(a) 45 (b) 36 (c) 65 (d) 27
50. দু'টি সংখ্যার অনুপাত 9 : 7 এবং গ.সা.গু 19 হলে, ছোট সংখ্যাটি কত?
(a) 147 (b) 171 (c) 181 (d) 133
51. দু'টি সংখ্যার অনুপাত 3 : 4 এবং গ.সা.গু 4 হলে ল.সা.গু কত?
(a) 24 (b) 36 (c) 48 (d) 72
52. 5টি সংখ্যার মধ্যে প্রথম চারটি সংখ্যার গড় 26 এবং শেষ চারটি সংখ্যার গড় 25। প্রথম ও পঞ্চম সংখ্যার পার্থক্য কত?
(a) 1 (b) 2 (c) 3 (d) 4
53. 11টি সংখ্যার গড় 10.9, যদি প্রথম 6টি সংখ্যার গড় 10.5 এবং শেষ 6টি সংখ্যার গড় 11.4 হয়, তবে ষষ্ঠ সংখ্যাটি কত?
(a) 11.3 (b) 11.4 (c) 11.5 (d) 11.2
54. একটি ব্যাগে 5 টাকা ও 10 টাকার মোট 80টি নোট ছিল। ওই ব্যাগে মোট 600 টাকা থাকলে, 10 টাকার নোটের সংখ্যা কত?
(a) 60টি (b) 50টি (c) 40টি (d) 10টি
55. A-এর 30% = B-এর 0.25 = C-এর $\frac{1}{5}$ হলে, A : B : C = ?
(a) 3 : 6 : 5 (b) 6 : 3 : 5 (c) 3 : 5 : 6 (d) কোনওটিই নয়
56. A : B = 2 : 3, B : C = 4 : 5 এবং C : D = 5 : 7 হলে, A : C : D = ?
(a) 2 : 5 : 7 (b) 3 : 5 : 7 (c) 3 : 5 : 14 (d) 8 : 15 : 21
57. P : Q = 2 : 3, Q : R = 5 : 8, R : S = 9 : 10 এবং P = 27 হলে, S-এর মান কত?
(a) 72 (b) 80 (c) 90 (d) 96
58. দু'টি মিশ্রণে দুধ ও জলের অনুপাত যথাক্রমে 5 : 4 এবং 2 : 1, সমপরিমাণ উভয় মিশ্রণ মিশ্রিত করা হলে, নতুন মিশ্রণে দুধ ও জলের অনুপাত কী হবে?
(a) 7 : 11 (b) 11 : 7 (c) 7 : 5 (d) 5 : 7
59. দু'টি পাত্রে স্পিরিট ও জলের অনুপাত যথাক্রমে 4 : 3 এবং 3 : 4, ওই দু'টি পাত্র থেকে কী অনুপাতে মিশ্রণ নিয়ে তৃতীয় পাত্রে ঢাললে, তৃতীয় পাত্রে স্পিরিট ও জলের পরিমাণ সমান হবে?
(a) 2 : 1 (b) 1 : 1 (c) 4 : 3 (d) 16 : 9
60. 12 লিটার মিশ্রণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 5, ওই মিশ্রণে আরও কত লিটার অ্যাসিড ঢাললে নতুন মিশ্রণে জল ও অ্যাসিডের অনুপাত 1 : 8 হবে?
(a) 5 লিটার (b) 4 লিটার (c) 6 লিটার (d) 3 লিটার
61. A-এর আয় C-এর আয়ের $1\frac{1}{5}$ অংশ এবং C-এর আয় B-এর আয়ের $\frac{3}{4}$ অংশ, A এবং B-এর আয়ের অনুপাত কত?
(a) 5 : 6 (b) 6 : 5 (c) 10 : 9 (d) 9 : 10

*এরপর দশের পাতায়*

# চাকরির পরীক্ষায় কর্মক্ষেত্র কোচিং

## ডব্লু বি সি এস প্রিলিমিনারি
### পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

(a) গুজরাট জায়ান্টস (b) দিল্লি ক্যাপিটালস (c) রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু (d) নাইট রাইডার্স কোলকাতা

129. 2026 সালের Stockholm Water Prize পেলেন কে?
(a) পিটার গ্লিক (b) রাজেন্দ্র সিং (c) কাভেহ মাদানি (d) জোহান রকস্টর্ম

130. Karbi Anglong Ginger কোন রাজ্যের এক প্রকার আদা?
(a) পশ্চিমবঙ্গ (b) আসাম (c) ত্রিপুরা (d) নাগাল্যান্ড

131. ভারতে প্রথম Solar Powered ATM Van চালু করল কোন ব্যাঙ্ক?
(a) পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক (b) ইউকো ব্যাঙ্ক (c) ব্যাঙ্ক অফ বরোদা (d) ত্রিপুরা গ্রামিন ব্যাঙ্ক

132. পেঙ্গুইন সচেতনতা দিবস পালন করা হয় কবে?
(a) 21 জানুয়ারি (b) 20 জানুয়ারি (c) 22 জানুয়ারি (d) 25 জানুয়ারি

133. 'SHINE' initiative লক্ষ করল:
(a) UPSC (b) PSC (c) ভারতীয় রেল (d) পাঞ্জাব অ্যান্ড সিন্ধ ব্যাঙ্ক

134. 'জাতীয় টীকাকরণ দিবস' কবে পালিত হয়?
(a) 16 মার্চ (b) 15 মার্চ (c) 14 মার্চ (d) 13 মার্চ

135. শিরোনামে আসা 'Kharg Island' কোন দেশের অধীনে অবস্থিত?
(a) ইরাক (b) দুবাই (c) সৌদি আরব (d) ইরান

136. আলমাটি বাঁধ কোন নদীর উপর অবস্থিত?
(a) কাবেরী (b) মহানদী (c) গোদাবরী (d) কৃষ্ণা

137. 'এপিকালচার' কীসের চাষকে বলে?
(a) আঙুর (b) মৌমাছি (c) আপেল (d) কলা

138. সর্বাধিক ঘনত্ববিশিষ্ট গ্রহ কোনটি?
(a) প্লুটো (b) পৃথিবী (c) বুধ (d) বৃহস্পতি

139. জাতীয় এডস গবেষণা কেন্দ্রটি কোথায় অবস্থিত?
(a) পাটনা (b) পুনে (c) কলকাতা (d) বারাণসী

140. কোন রোগটি বংশগত?
(a) নিউমোনিয়া (b) হিমোফিলিয়া (c) ক্যান্সার (d) টিউমার

141. 'প্লাস্টার অফ প্যারিস' কী দিয়ে তৈরি হয়?
(a) $N_2$ (b) চুনাপাথর (c) জিপসাম (d) কলিচুন

142. 'বিনয়, বাদল, দীনেশ' কবে রাইটার্স বিল্ডিং আক্রমণ করেছিলেন?
(a) 1930 সালে (b) 1931 সালে (c) 1932 সালে (d) 1933 সালে

143. ভিটামিন ডি-এর রাসায়নিক নাম কী?
(a) রেটিনল (b) মিয়াসিন (c) ক্যালসিফেরল (d) ফলিক অ্যাসিড

144. পণ্ডিত রবিশঙ্কর নীচের কোন বিষয়টির সঙ্গে যুক্ত?
(a) সেতার (b) তবলা (c) নাটক (d) গীটার

145. কত সালে কলকাতায় সুপ্রিম কোর্ট স্থাপিত হয়েছিল?
(a) 1774 সালে (b) 1735 সালে (c) 1737 সালে (d) 1739 সালে

146. গাড়ি ওজন করার যন্ত্রকে কী বলা হয়?
(a) ওয়েব্রীজ (b) ওয়েবেল (c) ওয়েপিক (d) ওয়েভার

147. ডিপথেরিয়া রোগ দেহের কোন অংশে হয়?
(a) গলা (b) পেট (c) কান (d) চোখ

148. 'Prince of Wales' এই কাপ কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) পোলো (b) গলফ (c) হকি (d) ফুটবল

149. 'আর্মি ক্যাডেট কলেজ' কোথায় অবস্থিত?
(a) পাটনা (b) লখনউ (c) দেরাদুন (d) আম্বালা

150. রোগ প্রতিরোধক পেনিসিলিন কীসের দ্বারা উৎপন্ন হয়?
(a) ব্যাক্টেরিয়া দ্বারা (b) শৈবাল দ্বারা (c) থাইরক্সিন দ্বারা (d) ছত্রাক দ্বারা

151. নীচের কোনটি কঠিনতম পদার্থ?
(a) রুপো (b) তামা (c) হীরা (d) সোনা

152. আন্তর্জাতিক অর্থ ভাণ্ডারের সদর দপ্তরটি কোথায় অবস্থিত?
(a) ওয়াশিংটন ডিসি (b) নেদারল্যান্ড (c) দুবাই (d) রোমানিয়া

153. ভিটামিন K শরীরের কোন অংশের উপর কাজ করে?
(a) নাক (b) রক্ত (c) কান (d) দাঁত

154. 'ভারতের দুঃখ' কোন নদ-নদীর প্রচলিত নাম?
(a) ব্রহ্মপুত্র নদ (b) দামোদর নদ (c) গঙ্গা নদী (d) যমুনা নদী

155. কত সালে ভারতে মিশ্র অর্থনীতির কথা ঘোষণা করা হয়?
(a) 1952 সালে (b) 1951 সালে (c) 1950 সালে (d) 1949 সালে

156. সাঁচি স্তূপে কাদের শিল্পকলা খোদিত ছিল?
(a) বৌদ্ধদের (b) হিন্দুদের (c) জৈনদের (d) মুসলমানদের

157. আলেকজান্ডারের সেনাপতির নাম কী ছিল?
(a) ভদ্রবাহু (b) সেলুকাস (c) পরেশনাথ (d) অম্ভি

158. পদাধিকার বলে ভারতীয় সেনাবাহিনীর প্রধান কে?
(a) মুখ্যমন্ত্রী (b) প্রধানমন্ত্রী (c) প্রতিরক্ষামন্ত্রী (d) রাষ্ট্রপতি

159. 'আইনের কাছে সবাই সমান' কোন অনুচ্ছেদে বলা হয়েছে?
(a) অনুচ্ছেদ-14 (b) অনুচ্ছেদ-13 (c) অনুচ্ছেদ-12 (d) অনুচ্ছেদ-11

160. কোন বছর ভারত ও পাকিস্তানের মধ্যে 'সিমলা চুক্তি' হয়েছিল?
(a) 1969 (b) 1970 (c) 1971 (d) 1972

**নির্দেশ (161 to 165):** *শূন্যস্থান পূরণ করুন:*

161. $\frac{R}{C} : 15 :: \frac{W}{J} : ?$
(a) 11 (b) 12 (c) 13 (d) 14

162. ORU : XAD : : GJM : ?
(a) SPV (b) SVP (c) PVS (d) PSV

163. NFK : KFN : : AXH : ?
(a) XAM (b) AHX (c) HXA (d) HAX

164. $\frac{A}{T} : 21 :: \frac{L}{X} : ?$
(a) 35 (b) 36 (c) 37 (d) 38

165. B × L : 24 : : D × H : ?
(a) 32 (b) 31 (c) 30 (d) 29

166. 'খালসা' প্রবর্তন করেন কে?
(a) গুরু নানক (b) গুরু অমর দাস (c) গুরু গোবিন্দ সিং (d) গুরু অর্জুন দেব

167. দেওধর ট্রফি যে খেলাটির সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) টেবিল টেনিস (c) ক্রিকেট (d) পোলো

168. সংখ্যাশ্রেণীর (?) চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?
1, 4, 9, 16, 25, ?, 49
(a) 34 (b) 36 (c) 38 (d) 40

169. Symphony শব্দটি Composer শব্দটির সঙ্গে সম্পর্কযুক্ত, অনুরূপে Fresco শব্দটির সম্পর্কযুক্ত শব্দ কোনটি?
(a) Painter (b) Author (c) Inventor (d) Musician

**নির্দেশ (170 and 171):** *প্রশ্নদু'টির শূন্যস্থান পূরণ করুন।*

170. b __ ab __ a __ __ ba __ b.
(a) ababb (b) ababa (c) baabb (d) bbbaa

171. x __ __ yzx ___ y __ __ xx ___ yz.
(a) yzzzxx (b) yxzzxz (c) xyxyzy (d) zyzyzy

172. রাষ্ট্রপতিকে শপথ বাক্য পাঠ করান কে?
(a) সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি (b) উপরাষ্ট্রপতি (c) লোকসভার স্পিকার (d) প্রধানমন্ত্রী

173. ইউনিয়ন ক্যাবিনেট কার প্রতি দায়বদ্ধ থাকে?
(a) সুপ্রিম কোর্ট (b) রাষ্ট্রপতি (c) লোকসভা (d) রাজ্যসভা

174. 'মোহিনী আট্টম' যে অঞ্চলের একটি বিখ্যাত নাচ, সেটি হল:
(a) ওড়িশা (b) কেরালা (c) অন্ধ্রপ্রদেশ (d) তামিলনাড়ু

175. ভূ-দান আন্দোলনের জনক কে?
(a) মহাত্মা গান্ধী (b) বিনোবা ভাবে (c) জওহরলাল নেহরু (d) শচীন্দ্রনাথ সান্যাল

176. ত্রিপিটক কোন ভাষায় রচিত হয়েছিল?
(a) প্রাকৃত (b) সংস্কৃত (c) হিন্দি (d) পালি

177. ভারতের জাতীয় পতাকার চক্রের মধ্যে কতগুলো দাগ আছে?
(a) 24টি (b) 26টি (c) 22টি (d) 20টি

178. ভিয়েতনামের মুদ্রার নাম কী?
(a) লেভা (b) পেসো (c) ডং (d) ইউয়ান

179. কোন নদীর তীরে 'সুরাট' শহরটি অবস্থিত?
(a) নর্মদা (b) যমুনা (c) তাপ্তি (d) গঙ্গা

180. ভোরবেলার রাগ কোনটি?
(a) ভীমপলাশী (b) খেলা (c) ভূপালী (d) টোড়ি

181. সংখ্যা শ্রেণীটির পরবর্তী সংখ্যাটি হল: 2, 5, 10 17, 26, ?
(a) 34 (b) 35 (c) 36 (d) 37

182. প্রশ্নচিহ্নিত স্থানে কোন সংখ্যাটি বসবে?




(a) 1331 (b) 1332 (c) 1321 (d) 1231

183. বিশ্ব আবহাওয়া সংস্থার (WMO) সদর দপ্তর কোথায় অবস্থিত?
(a) জেনিভা (b) জুরিখ (c) লুসান (d) আমস্টারডাম

184. যদি সাংকেতিক ভাষায় 'GRAPE'-কে লেখা হয় 27354, 'FOUR'-কে লেখা হয় '1687', তাহলে 'GROUP'-কে কোন সাংকেতিক চিহ্ন দেওয়া যাবে?
(a) 27384 (b) 27684 (c) 27685 (d) 27681

185. নীচের একটি শব্দে অক্ষরটি দিয়ে কোন উত্তরটি তৈরি করা যাবে না?
TECHNOLOGICAL
(a) LOGIC (b) LOAN (c) HATER (d) COLOGNE

186. নীচের ছবিটিতে ক'টি ত্রিভুজ আছে?



(a) 4 (b) 5 (c) 6 (d) 8

187. প্রশ্নবোধক চিহ্নের পাশে কোন চিহ্নগুলি বসবে?
39 ? 11 ? 33 ? 117
(a) +, ÷ and = (b) ÷, × and = (c) ×, = and × (d) ×, ÷ and =

188. পরবর্তী পদটি বের করুন:
120, 119, 115, 106, 90, ?
(a) 62 (b) 63 (c) 64 (d) 65

189. ভর ও শক্তির তুলনায় গাণিতিক রূপটি হল:
(a) $E = \frac{1}{2} mc^2$ (b) $E = mc^2$ (c) $E = m^2c^2$ (d) $E = m^2c$

190. সূর্যের মহাকর্ষবল পৃথিবীর কতগুণ?
(a) 6 (b) 9 (c) 27 (d) 36

191. যদি Water-কে Food বলা হয়, Food-কে Tree, Tree-কে Sky এবং Sky-কে Well তাহলে একটি Fruit কীসের ওপর বড় হবে?
(a) Well (b) Food (c) Sky (d) Tree

*এরপর এগারোর পাতায়*

## ভারতীয় রেলে ২২১৯৫ গ্রুপ 'ডি'
### নিয়োগের সি বি টি পরীক্ষার নমুনা প্রশ্নোত্তর

*নয়ের পাতার পর*

62. A, B, C-এর মূলধনের অনুপাত 3 : 4 : 5, যদি C-এর মুনাফা A অপেক্ষা 200 টাকা বেশি হয়, তাহলে মোট কত টাকা লাভ হয়েছিল?
(a) 600 টাকা (b) 800 টাকা (c) 1000 টাকা (d) 1200 টাকা

63. কিছু টাকা A, B, C-এর মধ্যে $\frac{1}{2} : \frac{1}{3} : \frac{1}{4}$ অনুপাতে ভাগ করায় B অপেক্ষা A 400 টাকা বেশি পায়। তিনজনের মধ্যে কত টাকা ভাগ করা হয়েছিল?
(a) 2400 টাকা (b) 2500 টাকা (c) 2600 টাকা (d) 2700 টাকা

64. $16\frac{2}{3}$% লাভে ক্রয়মূল্য ও বিক্রয়মূল্যের অনুপাত কত?
(a) 6 : 7 (b) 5 : 9 (c) 3 : 5 (d) 4 : 7

65. একটি সাইকেল বিক্রি করে $12\frac{1}{2}$% ক্ষতি হলে, ক্রয়মূল্য : বিক্রয়মূল্যের অনুপাত কত?
(a) 25 : 2 (b) 2 : 25 (c) 8 : 7 (d) 7 : 8

66. এক বিক্রেতা 5% লাভে একটি রেডিও বিক্রয় করেন। আরও 24 টাকা বেশি মূল্যে রেডিওটি বিক্রয় করলে 8% লাভ হত। রেডিওটির ক্রয়মূল্য কত?
(a) 800 টাকা (b) 400 টাকা (c) 200 টাকা (d) 100 টাকা

67. কোনও আসল বার্ষিক 12% সরল সুদে কত বছরে 4 গুণ হবে?
(a) 24 (b) 25 (c) 30 (d) 36

68. কত টাকা বার্ষিক 8% সরল সুদে 5 বছর জমা রাখলে সুদে আসলে 840 টাকা হবে?
(a) 620 টাকা (b) 540 টাকা (c) 450 টাকা (d) 600 টাকা

69. যদি কোনও আসল $7\frac{1}{2}$ বছরে সুদে-আসলে দ্বিগুণ হয়, তাহলে বার্ষিক সুদের হার কত?
(a) $7\frac{1}{2}$% (b) 15% (c) 12% (d) $13\frac{1}{3}$%

70. (3080 + 6160) ÷ 28 = ?
(a) 330 (b) 440 (c) 3320 (d) 3350

71. তোমার বাবার বোনের স্বামী তোমার কে হবেন?
(a) মেসোমশাই (b) পিসেমশাই (c) জ্যাঠামশাই (d) কাকা

72. ডাক্তার : হাসপাতাল হলে, নীচের কোনটি ঠিক?
(a) জলের মিস্ত্রি : রেঞ্জ (b) শেফ : রান্নাঘর (c) জল : জলাধার (d) কৃষক : গ্রাম

73. 1, 2, 6, 15, 31, ?
(a) 50 (b) 52 (c) 56 (d) 60

74. খেলোয়াড়, বালক, ছাত্রছাত্রী বোঝাতে কোন ভেনচিত্রটি ঠিক?



(a) (b)•Â (c) (d)

75. 21 7 → 30; 28 4 → 70; 55 11 → ?
(a) 42 (b) 46 (c) 48 (d) 50

76. 7 : 35 হলে সঠিকটি হবে:
(a) 3 : 28 (b) 7 : 77 (c) 9 : 45 (d) 11 : 45

77. বিষম সংখ্যা কোনটি?
24, 27, 31, 33, 36
(a) 24 (b) 27 (c) 31 (d) 33

78. গাজর, খাদ্য, সবজির মধ্যে সম্পর্কিত চিত্রটি হল:



(a) (b) (c) (d)

79. কোন চিত্রটি বেমানান?



(a) (b) (c) (d)

80.




(?) স্থানে কোন প্রাণীটি বসবে?
(a) কুমির (b) মঙ্গল (c) হাঙর (d) মাছ

81. নীচের কোন সংখ্যাটি ভুল?
5, 11, 23, 47, 96, 191. 383
(a) 96 (b) 5 (c) 383 (d) কোনওটিই নয়

82. DEAF = 3587 এবং FILE = 7465 হলে IDEAL = ?
(a) 43568 (b) 43586 (c) 63548 (d) 48536

83. BB, FE, II, ML, PP, ____
(a) TS (b) ST (c) RS (d) SR

84. QUESTION = DOMESTIC হলে RESPONSE = ?
(a) OMESUCEM (b) OMESICSM (c) OMESICEM (d) OMESICSM

85. 40, 120, 60, 180, 90, ? এখানে ? স্থানে কী বসবে?
(a) 110 (b) 270 (c) 105 (d) 210

*এরপর এগারোর পাতায়*

# কেন্দ্রীয় সরকারে ৭ হাজারের বেশি মাল্টিটাস্কিং স্টাফ ও হাবিলদার

কেন্দ্রীয় সরকারে ন্যূনতম মাধ্যমিক যোগ্যতায় ৭ হাজারের বেশি মাল্টিটাস্কিং স্টাফ ও হাবিলদার নিয়োগের প্রক্রিয়া শুরু হবে জুন মাসের শেষ নাগাদ। উচ্চশিক্ষিতরাও আবেদনের যোগ্য। হাবিলদার পদের ক্ষেত্রে নির্দিষ্ট দৈহিক মাপজোক থাকতে হয়। একই সঙ্গে দুই পদের জন্য কম্পিউটার-ভিত্তিক পরীক্ষা নেওয়া হয়। এ বছর যাঁরা মাধ্যমিক পাশ করবেন তাঁরা দ্রুততার সঙ্গে প্রস্তুতি নিয়ে প্রার্থী বাছাইয়ের পরীক্ষায় বসতে পারবেন। পরীক্ষা নেয় স্টাফ সিলেকশন কমিশন।

কমিশনের তরফে এখনও শূন্যপদের সংখ্যা ঘোষণা করা হয়নি। তবে, গত কয়েক বছরে এই দুই পদে নিয়োগের পরিসংখ্যান পর্যালোচনা করলে দেখা যাচ্ছে, ২০২৬-এর পরীক্ষার মাধ্যমে অন্তত ৭,০০০ শূন্যপদ পূরণ করা হবে। শূন্যপদের সংখ্যাবৃদ্ধির সম্ভাবনাও রয়েছে। ২০২৫-এ শূন্যপদের সংখ্যা ছিল ৭,৯৪৮টি, ২০২৪-এ ১১,৫১৮টি। এর মধ্যে মাল্টিটাস্কিং স্টাফের শূন্যপদই ছিল বেশি।

সম্প্রতি 'কর্মক্ষেত্র'য় 'মাধ্যমিকের পরে কেন্দ্রীয় সরকারে চাকরি' শীর্ষক সংবাদে এই নিয়োগ-সংক্রান্ত কিছু তথ্য জানানো হয়েছে। স্টাফ সিলেকশন কমিশনের তথ্য অনুসারে, ৩০ জুন এই নিয়োগের বিজ্ঞপ্তি প্রকাশিত হতে চলেছে।

উল্লেখ্য, মাল্টিটাস্কিং স্টাফ নিয়োগ হয়ে থাকে পিওন, দপ্তরি (অফিসে ফাইল সংরক্ষণের কাজ), জুনিয়র জেস্টেনার অপারেটর

## নিয়োগের বিজ্ঞপ্তি ৩০ জুন

(জেরক্স মেশিন, কম্পিউটার প্রিন্টার ইত্যাদির ব্যবহারে দক্ষ), চৌকিদার, সাফাইওয়ালা (সংশ্লিষ্ট অফিসের পরিচ্ছন্নতা বজায় রাখার কাজ), মালি প্রভৃতি পদে। কাজ জানা থাকলে মাল্টিটাস্কিং স্টাফ পদে চাকরি পেতে সুবিধা হয়।

হাবিলদার পদে কম্পিউটার-ভিত্তিক পরীক্ষায় সফল হলে থাকবে দৈহিক সক্ষমতা যাচাইয়ের পরীক্ষা। ১৫ মিনিটে ১ কিলোমিটার পথ হাঁটতে হয়। মহিলারাও হাবিলদার পদে আবেদনের যোগ্য। মহিলাদের ২০ মিনিটে ১ কিলোমিটার হাঁটতে হবে। সফল হওয়ার জন্য আগাম অনুশীলনের দরকার রয়েছে।

সুতরাং, উভয় পদের ক্ষেত্রেই চূড়ান্ত সাফল্য অর্জনের জন্য আগাম প্রস্তুতির দরকার রয়েছে। কম্পিউটারের ব্যবহার জানা থাকলেও চাকরি পেতে সুবিধা হবে।

নির্দিষ্ট তারিখে বয়স হতে হবে মাল্টিটাস্কিং স্টাফ পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৫ ও হাবিলদার পদের ক্ষেত্রে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। তফসিলি, ওবিসি, দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা কেন্দ্রীয় সরকারের নিয়মানুসারে বয়সের ছাড় পাবেন।

হাবিলদার পদের জন্য প্রয়োজনীয় দৈহিক মাপজোক: পুরুষদের ক্ষেত্রে উচ্চতা হতে হবে ১৫৭.৫ সেমি। বুকের ছাতির মাপ ৫ সেমি ফুলিয়ে হতে হবে অন্তত ৮১ সেমি। মহিলাদের ক্ষেত্রে প্রয়োজনীয় উচ্চতা ১৫২ সেমি। ওজন হতে হবে অন্তত ৪৮ কেজি। উপজাতিভুক্ত ও পাহাড়ের প্রার্থীরা দৈহিক মাপজোকে ছাড় পেয়ে থাকেন।

প্রার্থীদের সুবিধার জন্য এই নিয়োগের খবর আগাম জানানো হল। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে 'কর্মক্ষেত্র'য় বিশদ তথ্য-সহ সে-খবর জানানো হবে।

# সশস্ত্র সীমা বলে ৪০৪ দক্ষ খেলোয়াড়

কনস্টেবল (জেনারেল ডিউটি) পদে ৪০৪ জন দক্ষ খেলোয়াড় নেবে সশস্ত্র সীমা বল। পুরুষ ও মহিলা উভয়ই আবেদন করতে পারেন।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.recruitment.ssb.gov.in এই নিয়োগের বিশদ বিজ্ঞপ্তি এখনও প্রকাশিত হয়নি। বিজ্ঞপ্তি প্রকাশিত হলে তা কর্মক্ষেত্র-য় জানানো হবে।

আগ্রহী প্রার্থীরা চোখ রাখুন উপরোক্ত ওয়েবসাইটে।

# এনএমডিসি-তে ৫৯ জুনিয়র ইঞ্জিনিয়ার

জুনিয়র ইঞ্জিনিয়ার (মাইনিং) পদে ৫৯ জনকে নেবে এনএমডিসি (ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন)। এটি কেন্দ্রীয় সরকারের ইস্পাত মন্ত্রকের অধীনস্থ একটি সংস্থা। নিয়োগ করা হবে সর্বাধিক ৩ বছরের চুক্তিতে। প্রথমে ১ মাসের ট্রেনিং। এই নিয়োগের বিজ্ঞপ্তি নম্বর: 04/2026.

**শূন্যপদের বিন্যাস:** মোট শূন্যপদ ৫৯টি (সাধারণ ২৭, তফসিলি জাতি ৮, তফসিলি উপজাতি ৪, ওবিসি ১৫, আর্থিক ভাবে অনগ্রসর ৫)।

**শিক্ষাগত যোগ্যতা:** স্বীকৃত প্রতিষ্ঠান থেকে মাইনিং ইঞ্জিনিয়ারিংয়ে ৩ বছরের ডিপ্লোমা। ধাতু উত্তোলনের খনিতে কাজের জন্য ফোরম্যানস কম্পিটেন্সি সার্টিফিকেট থাকলে অগ্রাধিকার।

বয়স: ৬-৫-২০২৬ তারিখে ৫০ বছরের মধ্যে হতে হবে। তফসিলিরা ৫, ওবিসিরা ৩ বছর এবং দৈহিক প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীরা নিয়মানুসারে বয়সে ছাড় পাবেন।

বেতন: নির্দিষ্ট মাসিক ৬০,০০০ টাকা।

প্রার্থী বাছাই করা হবে সুপারভাইজরি স্কিল অ্যাসেসমেন্ট ও নথিপত্র যাচাইয়ের মাধ্যমে।

অনলাইন দরখাস্ত করতে হবে এই ওয়েবসাইটের মাধ্যমে: www.nmdc.co.in দরখাস্ত করা যাবে ৬ মে পর্যন্ত। প্রার্থীর চালু ই-মেল আইডি ও মোবাইল নম্বর থাকতে হবে।

অনলাইন দরখাস্তের সময় প্রার্থীর সম্প্রতি তোলা রঙিন পাসপোর্ট মাপের ফটো, সই, শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট, কাস্ট সার্টিফিকেট ও কাজের অভিজ্ঞতার সার্টিফিকেট-সহ যাবতীয় নথিপত্র স্ক্যান করে আপলোড করতে হবে।

দরখাস্তের ফি বাবদ অনলাইন দিতে হবে ২৫০ টাকা। ফি জমা দেওয়া যাবে ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং বা ইউপিআইয়ের মাধ্যমে। তফসিলি ও প্রাক্তন সমরকর্মীদের কোনও ফি লাগবে না।

দরখাস্ত যথাযথ ভাবে পূরণ করে সাবমিট করবেন। ফি রিসিট-সহ পূরণ করা দরখাস্তের এক কপি প্রিন্ট আউট নিয়ে নেবেন। এটি কোথাও পাঠাতে হবে না। নিজের কাছে রেখে দেবেন। পরে প্রয়োজন হবে।

খুঁটিনাটি তথ্যের জন্য দেখুন উপরোক্ত ওয়েবসাইট।









স্বর্ণাক্ষর প্রকাশনী প্রাইভেট লিমিটেড-এর পক্ষে অমরেন্দ্র চক্রবর্তী কর্তৃক ২৯/১এ, ওল্ড বালিগঞ্জ সেকেন্ড লেন, কলকাতা-১৯ থেকে প্রকাশিত ও এবিপি প্রাঃ লিঃ, মৌজা: বড়বেড়িয়া, পোঃ জগন্নাথপুর, থানা: বারাসাত, জেলা: ২৪ পরগনা (উঃ) থেকে মুদ্রিত। প্রধান সম্পাদক: অমরেন্দ্র চক্রবর্তী সম্পাদক: মহাশ্বেতা সমাজদার ফোন: ২২৮৩-২৩২০, ২২৯০-০০০৮ ফ্যাক্স: ২২৮৭-৬৪৪৮
E-mail: swarnakshar.prakasani@gmail.com Website: www.swarnakshar.in